স্বাধীন বাংলাদেশের গ্রামগুলো খাঁ খাঁ করছে, কাজ নেই, খাবার নেই। বাজারে চালের দাম অনেক চড়া! ১৯৭৪ সালের সেপ্টেম্বর মাসের তৃতীয় সপ্তাহে চালের মন ছিলো ৪০০ টাকা যা স্বাধীনতার আগের দামের ১০ গুন। দুর্দশার এই চিত্র তুলে ধরেন লরেন্স লিফসুলজ ১৯৭৪ সালের ২৫ অক্টোবর হংকং থেকে প্রকাশিত ফার ইস্টার্ন ইকনমিক রিভিউ এ। ১৯৭৪ সালের ২৩ সেপ্টেম্বর যুক্তরাষ্ট্রে যাবার প্রাক্কালে শেখ মুজিব প্রতিটি ইউনিয়নে একটি করে ৪৩০০ লংগরখানা চালুর ঘোষণা দেন। এজন্য প্রতিটি ইউনিয়নের জন্য রোজ বরাদ্দ ছিলো মাত্র দুই মন আটা, যা দিয়ে এক হাজার লোকের দৈনিক একটি রুটির জন্যও যথেষ্ট ছিলো না। এছাড়া চুরি তো ছিলোই। লংগরখানার বিররন দিয়েছেন কস্তুরি রংগন ১৯৭৪ সালের ১৩ নভেম্বর নিউইয়র্ক টাইমস এ। তার বর্ননা অনুযায়ী লংগরখানায় প্রতিটি কেন্দ্রে প্রতিদিন যে ১০০০ বা তার চেয়ে আরো বেশি লোকজন আসতো তাদেরকে দেয়া হতো মাত্র একটি করে রুটি অথবা চাল-ডাল মিশ্রিত ৪ আউন্স (১ আউন্স = ২৮ গ্রাম) খিচুড়ি। কোনো কোনো লংগরখানায় শুধুমাত্র মার্কিন যুক্তরাষ্ট্রের দেয়া বিস্কুট দেয়া হতো। এই ছিলো লংগরখানার চিত্র। লঙ্গরখানার এরকম চিত্র আমি নিজেও তৎকালীন বয়স্কদের মুখে শুনেছি। তাদের বর্ণনা মোতে, " লংগরখানায় দেয়া হতো খিচুড়ি। সেই খিচুড়ি দেয়া হতো বালিতি ভরে। খিচুড়ির পরিমাণ বেশি ছিলো না। বালতিতে খিচুড়ি নেয়ার কারন ছিলো খিচুড়ির পানির পরিমানের কারনে। সামান্য কিছু চাল, ডাল, কয়েকটি সীম আর ডেসকি ভর্তি পানি! তেল মসলা পিয়াজ নেই বললেই চলে। অন্যদিকে, লংগরখানার ভলান্টিয়ার আওয়ামী সমর্থকেরা বেনসন সিগারেট ফুকতেন আর ক্ষুধার্ত মানুষকে লাইনে দাড় করাতেন। লংগরখানায় পিয়াজ, তেল, মসলা ব্যবহার না করে সেগুলো চুরি করে নিজের বাড়িতে নিয়ে যেতেন এসব আওয়ামী বেনসন ফুকাররা! এইরকম ঘটনা যে সত্য ছিলো তার প্রমান মিলে স্বয়ং শেখ মুজিবের বক্তব্যেই। যেমন আমি বিদেশ থেকে ভিক্ষা কইরা আনি আর এই চাটার দলেরা সব চাইটা খায়! পাকিস্তান সব কিছুই নিয়া গেছে, শুধু চোর গুলোকে থুইয়া গেছে! এছাড়াও কম্বল নিয়ে শেখ মুজিবের বক্তব্য, চোরের খনি ইত্যাদি সব বক্তব্যই সবাই জানেন।" মুজিব দু:শাসনের সৃষ্ট এই দুর্ভিক্ষের মৃত্যু পদযাত্রী বনি আদমরাই জানে লংগরখানার আসল কথা। লংগরখানা নিয়ে এমন মন্তব্য করেছেন পিটার গ্রেসটন, লন্ডন গার্ডিয়ান পত্রিকায় ১৯৭৪ এর ৩০ অক্টোবর। তার রিপোর্ট মোতাবেক বাংলাদেশের ঝুলিতে মারাত্মক ফুটো আছে, যত সাহায্য দেয়া হোক না কেন, দুর্নীতি, আলসেমী ও সরকারি আমলাদের আত্নঅহমিকায় অপচয় হবে। বেশি দেয়া মানেই লোকসান।

এদিকে মহা মনন্তরে কবলিত এই বাংলাদেশকে বাচাতে এগিয়ে এসেছিলো বিশ্ববাসী। কিন্তু সাহায্য যা আসতো তা মুজিবের "চাটার দল" শেষ করে দিতো। স্টান কার্টার "ডেইলি নিউজ" পত্রিকায় এভাবেই মুজিবের শাসন আমলের বর্ননা দিয়েছেন ১৯৭৪ সালের ১ নভেম্বর। তার রিপোর্টে সে উল্লেখ করেছেন যে শেখ মুজিব হয়তো ঘুষ গ্রহণ করতেন না কিন্তু বেগম মুজিব ঘুষ গ্রহণ করতেন বলে গুজব আছে। সরকারি কর্মকর্তারা ঘুষ খেতেন তা নিশ্চিত।

*৯-এর পৃষ্ঠায় দেখুন*

সুপ্রভাত সিডনি
The Leading Australian Bangladesh Monthly Community Newspaper | সত্যের সাথে সব সময়

# দুর্ভিক্ষের ৫০ বছর পূর্তি কি আসন্ন

*৮-এর পৃষ্ঠার পর*

আর ঘুষের বিনিময়ে চোরাচালান হয়ে চাল পাচার হয়ে যেতো ভারতে। কিন্তু শেখ মুজিব বরাবরই দোষ অন্যের উপর চাপাতে চেষ্টা করলেও তিনি এবং তার সাংগরাই দুর্ভিক্ষের জন্য দায়ী। এইভাবেই বলেছেন এইচ ডি এস গ্রীনওয়ে ওয়াশিংটন পোস্ট এ ১৯৭৪ সালের ৮ নভেম্বর। অন্যদিকে মুজিবের দু:শাসনের রক্তচক্ষু উপেক্ষা করে অনেকেই বলেছিলেন যে দুর্ভিক্ষের জন্য একমাত্র শেখ মুজিবের রাজনীতি। এ ভাবেই রিপোর্ট উল্লেখ করেছেন মার্টিন ডেভিডসন ফার ইস্টার্ন ইকনমিক রিভিউ তে ১৯৭৪ এর ৮ নভেম্বর। যদিও সরকার পুরো সমস্যার জন্য অকাল বন্যাকে দায়ী করে চলেছিলেন আসলে দুর্ভিক্ষের কারন ছিলো মনুষ্যসৃষ্ট, মানুষের অসাধুতা, খাদ্য পাচার, আওয়ামী সাংগদের দুর্নীতি। শেখ মুজিব বাংগালীকে যে স্বাধীনতার স্বপ্ন দেখিছিলেন তা তিন বছরের মধ্যেই নিরর্থক হয়েছিলো। এই বিষয়টি বিশ্লেষণ করেছিলেন নিউইয়র্ক টাইমস পত্রিকায় বার্নার্ড ওয়েনরাব ১৯৭৪ সালের ১৩ ডিসেম্বর। তার বিশ্লেষণ অনুযায়ী স্বাধীনতার তিন বছরের মধ্যেই দেশের অর্থনীতি দেওলিয়া হয়েছিলো। দুর্নীতিতে দেশ ভরপুর হয়েছিলো। সাহায্যের ৭ টি বেবি ফুডের ১ টি এবং ১৩ টি কম্বলের ১ টি গরীবদের কাছে যেতো। এসবের জন্য বাংলাদেশের রেডক্রস চেয়ারম্যান ও আওয়ামী লীগের ঢাকা নগরীর চেয়ারম্যান গাজী গোলাম মোস্তফা, শেখ মুজিবের পরিবারের বিরুদ্ধে অভিযোগ শোনা যেত বেশী। শেখ মুজিবের ভাগিনা শেখ মনি একটি ঔষধ কোম্পানি দখল করে রেখেছিলো। কোম্পানির মালিক ভারত থেকে ফিরে এসে সেই কোম্পানি চালু করতে চাইলে শেখ মনি ৩০ হাজার ডলার দাবী করেছিলো। এভাবেই দুর্নীতির খেসারত দিতে গিয়ে দেশে দেখা যায় দুর্ভিক্ষ। এই দুর্নীতির মুল হোতা শেখ মুজিবকেই দায়ী করে ১৯৭৫ সালের ৬ জানুয়ারী লন্ডনের ডেইলী টেলিগ্রাফে লিখেছিলেন পিটার গীল। তার মতে সেই মুহুর্তে শেখ মুজিব বাংলাদেশের জন্য একটি বড় বোঝা হিসেবে পরিচয় পেয়েছিলো। তবে শেখ মুজিব সরাসরি দুর্নীতি করেছেন বা অর্থ আত্নসাত করেছেন কিনা আমার জানা নেই। কিন্তু এন্থনি মাসকারেনহাস এর রচিত “লিগ্যাসি অব ব্লাড” বইয়ের বাংলা ভার্শন “বাংলাদেশ: রক্তের ঋণ” এ বইয়ে পড়েছি তা হলো যে শেখ মুজিবের ছেলে শেখ জামালকে স্যান্ডহার্স্টের মিলিটারি একাডেমীতে পড়াতে সরকারি অর্থ খরচ করে বিশেষ ব্যবস্থায় অর্থ মন্ত্রনালয়ের অজ্ঞাতে গোপন আর্মি চ্যানেলে ৬০০০ পাউন্ড পাঠানো হয়েছিলো। যাহোক তিনি দুর্নীতি করুক কিংবা না করুক, তিনি দুর্নীতি থামাতে পারেনি। উপরুন্ত তিনি জরুরী অবস্থা জারি করেন। ঢাকাকে পরিছন্ন রাখতে প্রায় ঢাকার ৫০ হাজার বস্তিবাসীকে পুলিশ আটক করে ক্যাম্পে নিয়ে আসেন। এই রকম বন্দী শিবিরের কথাই উল্লেখ করেছেন জেকুইস লেসলি, লন্ডন গার্ডিয়ান পত্রিকায় ১৯৭৫ সালের ১৮ ফেব্রুয়ারিতে। ক্ষুধার মুর্ত প্রতিক ছিলো এই বন্দী শিবির গুলো। ১৯৭৫ সালের ২৯ জানুয়ারী প্রকাশিত কানসাস টাইমসে জুলিও শেরার বর্ননা মতে এসব ক্যাম্পে ক্ষুধার্ত মানুষকে আটকে পাহারায় ছিলো সশস্ত্র সৈন্য। এসব ক্যাম্পের বর্ননা থেকেই দুর্ভিক্ষের ভয়াবহ চিত্র ফুটে ওঠে বিশ্ববাসীর কাছে। দুর্ভিক্ষে অগনিত লোক মারা যায়। সরকারি হিসেব অনুযায়ী ২৭ হাজার কিন্তু বেসরকারি হিসেব অনুযায়ী ৩ লাখের মতো। এই পরিসংখ্যান দিয়েছিলেন জু গেন্ডলম্যান শিকাগো ডেইলী নিউজ পত্রিকায় ১৯৭৫ এর ২৬ মার্চ সংখায়।

এরকম অসংখ্য খবরের উদ্ধৃত করে প্রকাশ করা হয়েছে বইটিতে, যা এই স্বল্প লেখায় অসম্ভব। তবে সারবস্তু হলো ১৯৭৪ এর দুর্ভিক্ষের মুল কারণ সমুহ হচ্ছে: ১) আওয়ামী সরকারের সীমাহীন দুর্নীতি। ২) প্রশাসনের অব্যবস্থাপনা, ৩) আওয়ামী লীগের চাটুকারদের প্রতি শেখ মুজিবের অন্ধ ভালোবাসা, ৪) ভারতের প্রতি নতজানু পররাষ্ট্র নীতি, ৫) অর্থলোভী আওয়ামীলীগারদের দ্বারা ভারতে খাদ্য পাচার, ৬) আওয়ামী চাটার দলের রিলিফ চুরি ইত্যাদি। বিপর্যয়ের এই মুহুর্তে শেখ ব্যর্থ গালাগালি করেই ক্ষ্যান্ত ছিলেন। সংকট কাটাতে যথাযথ চেষ্টা না করে ক্ষমতার মছনদ টিকে রাখতে তৈরী করেছিলেন একদলীয় শাসনের, তার নাম বাকশাল। ৭৪ এ শুধু যে আওয়ামী চাটার দলের সীমাহীন দুর্নীতির কবলে জাতি নিস্পেসিত ছিলো তাই নয়। উপরন্তু ভারত নির্ভর নতজানু পররাষ্ট্র নীতি ছিলো অনেকটা দায়ী। স্বাধীনতা যুদ্ধে ভারত কেন সহায়তা করেছে সে বিষয়ে আজ লিখছিনা। শুধু এতটুকু বলছি ভারত কিন্তু শুধুমাত্র বন্ধু হিসেবে সাহায্য করেনি! তাদেরও অনেক স্বার্থ জড়িত ছিলো। তবুও বলা যায়, ভারতের সহায়তা ছিলো অনেক গুরুত্বপূর্ণ। তাই বলে নতুন এক দেশ থেকে রাশি রাশি খাবার পাচার করা হয়েছে ভারতে এটা মেনে নেয়া কি যায়। রিলিফের খাদ্য সামগ্রী পাচার করা হয়েছে ভারতে। তদুপরি অর্মত্য সেন তার বই “ফেমিন পভার্টি” তেও উল্লেখ করেছেন যে দুর্ভিক্ষ কবলিত এই বাংলাদেশ থেকে তখনও প্রচুর খাদ্য দ্রব্য ভারতে চলে গিয়েছে। এ যেন নিজ দেশের জনগণকে অভুক্ত রেখে ভারতকে সন্তুষ্ট রাখতে চেয়েছিলো ততকালীন আওয়ামী সরকার!

## দুই: ২০২৪ এর সম্ভাব্য মনন্তরে শেখ হাসিনার বাংলাদেশ

২০২৪ এর ৭ জানুয়ারি নির্বাচনের আগে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন যে বিএনপি ও আমেরিকা মিলে মার্চ নাগাদ দেশে দুর্ভিক্ষ ঘটাবে। আসলে একটি দেশে দুর্ভিক্ষ মাত্র ১/২ মাসে হয়না। বছর বা যুগ ধরে চলা অর্থনৈতিক অব্যবস্থাপনায় হয় দুর্ভিক্ষ। সম্প্রতি একটি টিভি চ্যানেলের রিপোর্ট দেখলাম যে বাংলাদেশে নিম্ন বা মধ্যবিত্তরা বাজারের গিয়ে মাছের কাটা, ফাটা ডিম, মুরগীর পা কিনছে প্রোটিনের চাহিদা মেটাতে। অথবা বলা যায় মাছের কাটা কিনে সেটা দিয়ে তারা সবজি ভাজি করে কোন রকমে মাছের গন্ধ দিয়ে সবজি খেয়ে “দুধের স্বাদ ঘোলে মেটানোর” চেষ্টা মাত্র। আর সেই সবজিও সস্তা তা কিন্তু নয়! এখন বর্তমান বাজারে গিয়ে কি দেখা যায়? দ্রব্য মুল্যের দাম সাধারণ মানুষের হাতের নাগালের বাইরে। বাদ দিলাম মাছ মাংসের কথা। সাধারণ খেটে খাওয়া দরিদ্র শ্রেনীর লোকেদের শেষ আশ্রয় হচ্ছে গোল আলু, ডিম, কাচা মরিচ, একটু লবণ। আলু হচ্ছে গরীবের সবজি, আর ডিম হচ্ছে গরীবের প্রোটিন। কিছু না পেলেও ২ টা আলু সিদ্ধ করে, একটু লবন কাচা মরিচ, লবণ কচলিয়ে ভর্তা করে পেট ভরে একটু ভাত খেয়ে কাজে নেমে যান সাধারণ খেটে খাওয়া শ্রমজীবী হত দরিদ্র মানুষ। কিন্তু সেটাও এখন আয়ত্ত্বের বাইরে! উদাহরণ স্বরূপ কয়েকদিন আগে মিরপুরে গার্মেন্টস শ্রমিকরা আন্দোলন করেছেন তাদের মুজুরী বৃদ্ধির জন্য। তাদের বর্তমান মুজুরী প্রায় মাসে ৮ হাজার টাকা। দিনে ৩০০ টাকার চেয়ে কম। এই টাকায় ৪/৫ জনের একটি পরিবারের দৈনিক ২/৩ কেজি চাল, ৫/৬ টা গোলআলু, ৫০ গ্রাম কাচা মরিচ, ১০০ গ্রাম লবন, ইত্যাদি কেনাই সম্ভব নয়। তার উপর ঢাকায় বাসা ভাড়া, সন্তানদের অন্যান্য খরচ, চিকিৎসা, শিক্ষা ইত্যাদি হবে কি করে? অথচ আমরা দেখলাম মালিক পক্ষ দিতে চায় মাসে ১০ হাজার টাকা বেতন। এই পর্যায়ে বিক্ষোভ দমনে পুলিশ সদস্যের গুলিতে মারা গেছেন গার্মেন্টস শ্রমিক! এখানে উল্লেখ্য যে এই গার্মেন্টস রপ্তানির মাধ্যমেই বাংলাদেশ সরকার সবচেয়ে বেশি বৈদেশিক মুদ্রা আয় করে। অথচ যারা এই শিল্পের জন্য পরিশ্রম করে যাচ্ছে তাদের নেই নুন্যতম একটি জীবন। ওরা চাইলেন একটু ভর্তা, ভাত খেয়ে বাচতে আর পুলিশ করল গুলি! এছাড়া সরকারি দলের সমর্থক বন্ধুক হাতে গার্মেন্টস পাহারায়। এসব শ্রমিকরা যেন সরকারি দলের সমর্থকদের কাছে আবর্জনা! ক্ষোভে ব্যথায় গার্মেন্টস শ্রমিকরা বলেছেন বেতন বাড়িয়ে দিতে হবেনা জিনিসপত্রের দাম কমিয়ে দেন। আর কিছুদিন পরে হয়তো এরাই বলবে হয় মুজুরী বাড়ান না হয় গুলি করেন!

বয়স্কদের মুখে শুনেছি ৭৪ এ মানুষ যা পেত তাই খেয়ে জীবন বাচানোর চেস্টা করেছিলো। কিন্তু কিছু খেতে তেল, পিয়াজ, মরিচ না থাক লবন ছাড়া বোধহয় বিশ্বের কেউ খাবার খেতে পারেনা। সেই লবণও নাকি মিলেনি ৭৪ এ। মানুষ লবণের খালি বস্তা পানিতে ভিজিয়ে সেই পানি দিয়ে খাবার মেখে খেয়েছিলেন। ঠিক বর্তমান এই বাস্তবতায় দেখি মানুষ যখন পিয়াজ, মরিচ, তেল ইত্যাদি কিনতে হিমশিম খায় তখন প্রধানমন্ত্রী শেখ হাসিনা মাঝে মধ্যে তেল ছাড়া রান্না, পিয়াজ ছাড়া রান্না, বেগুন ছাড়া বেগুনি, মরিচ সংরক্ষণের পদ্ধতি ইত্যাদি হাস্যকর রেসিপি দিয়েই চলেছেন। সম্প্রতি সপ্তাহ খানেকের মধ্যে তিনি মুরগী ডিম দেয়ার একটি গবেষণা পত্র প্রকাশ করেছেন। কারণ ডিমের বাজার মুল্য সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার বাইরে। তাই বাজারে ডিমের যোগান, চাহিদা ও মুল্য বুঝাতে গিয়ে উনি বলেছেন যে মুরগী বর্ষাকালে ডিম পাড়ে কম। অর্থাৎ বর্ষা শেষ হলেই ডিমে আবার ভড়ে যাবে দেশ! বিশ্বে এত নামী দামি পোল্ট্রি বিজ্ঞানীরা গবেষণা করে এমন একটি বিষয় প্রমান করতে পেরেছে কিনা জানিনা। তবে শেখ হাসিনা পেরেছেন। এটা কি উনার যোগ্যতা নাকি মশকারা এটা আমার ধারনার বাইরে!

জনগনকে নিয়ে মশকরা করার একটি উদাহরন দেই। এভাবেই একের পর এক, মেগাপ্রকল্পের মেগা দুর্নীতির মধ্য দিয়েও দেশকে কসমেটিক উন্নয়ন দিয়ে সাজিয়ে তোলে শেখ হাসিনা। আর সেই কসমেটিক উন্নয়নের সুবাসে জনগণের কথা একেবারেই ভুলে যায়। উদাহরণস্বরূপ, দেশের ১/৪ ভাগ বন্যায় ভাসছিলো বন্যায়, পর্যাপ্ত সাহায্য না দিয়েই পদ্মা সেতু উদ্বোধন অনুষ্ঠান উপলক্ষে শতশত কোটি টাকা খরচ করে, ভারতের নাচলেওয়ালিকে ভাড়া করে শত কোটি পদ্মার পানিতে টুস করে ফেলে দেয়। খুবই জমকালো উদ্বোধনী অনুষ্ঠান করতে চার জেলার ডিসিদের নামে প্রায় ৫ কোটি টাকা বরাদ্দ দিয়েছে সরকার, বরাদ্দকৃত জেলা গুলো হচ্ছে, ঢাকা জেলার জন্য ১ কোটি ৫০ লাখ টাকা, মুন্সিগঞ্জ জেলার জন্য ১ কোটি ৩৯ লাখ টাকা, মাদারীপুর জেলার জন্য ১ কোটি ৩৯ লাখ টাকা এবং শরীয়তপুর জেলার জন্য ৫০ লাখ টাকা বরাদ্দ দেয়া হয়েছে (সূত্রঃ পদ্মা সেতুর উদ্বোধন কাল চার জেলার উদযাপন ব্যয় ৫ কোটি টাকা, ইনকিলাব, ২৪ জুন ২০২২)। এছাড়া ৬০ জেলায় উদযাপন ব্যয় কত বরাদ্দ দেওয়া হয়েছে সেই হিসেব সেতু বিভাগ থেকে সেটি বলা হয়নি (ইনকিলাব, ২৪ জুন ২০২২)। অন্যদিকে, সিলেট ও সুনামগঞ্জের বন্যাকবলিত ৪৪ লাখ মানুষের জন্য বরাদ্দ হয়েছে ২ কোটি ৯৫ লাখ টাকা, ১ হাজার ৯৫২ টন চাল ও প্রায় ৩০ হাজার প্যাকেট শুকনো খাবার, যা পর্যালোচনা করলে দেখা যায়, জনপ্রতি বরাদ্দ দেয়া হয়েছে মাত্র ৬ টাকা ৫৫ পয়সা ও ৪৪০ গ্রাম চাল (সূত্রঃ জনপ্রতি সরকারি বরাদ্দ ৬ টাকা ৫৫ পয়সা, চাল আধা কেজিরও কম, দি ডেইলি স্টার ২২ জুন, ২০২২)।

এখন বর্তমান আরেকটি উদাহরণে আসি। হাজারো সংকটে জনগনকে রেখে প্রতিনিয়ত সরকারি অর্থ ব্যয় করা হচ্ছে বিভিন্ন বন্দনায়, যার কোন দায় দায়িত্ব নেই। মুজিব বর্ষ (১৭ মার্চ ২০২০- ২৬ মার্চ ২০২১) পালনে বরাদ্দ ছিলো ৫১২ কোটি টাকা, এবং ২০১৯- ২০ অর্থ বছরে ছিলো ১০০ কোটি টাকা (সূত্রঃ মুজিববর্ষ পালনে সরকারি বরাদ্দ ১০০ কোটি টাকা, ডয়েচে ভেলে, ১৭ জানুয়ারি ২০২০)। শত শত কোটি টাকা খরচ করে সারাদেশের আনাচেকানাচে শেখ মুজিবের ভাস্কর্য নির্মাণ শুরু করে (সূত্রঃ মুজিব ভাস্কর্য: বিতর্কের মুখে কাজ বন্ধ থাকা ধোলাইপাড়ের এই প্রকল্পটির খবর কী? বিবিসি বাংলা, ২৫ মার্চ ২০২২)। এসব অনেক ভাস্কর্যে শুধুমাত্র নিম্নমানের কাজ করেই খরচ করা হয়েছে দেশের অর্থ। পদ্মা সেতু পার হয়ে ঢাকায় আসার অভিমুখে শেখ মুজিবের ভাস্কর্য নির্মানের খরচ ৯ কোটি টাকা (বঙ্গবন্ধুর স্মৃতি ধরে দেশে ভাস্কর্য শিল্পে ‘জাগরণ’ বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম, ১৫ আগষ্ট ২০২৩)। স্বাধীনতার ৫০ বছর পুর্তি পালনের নিমিত্তে ভারতের মোদিকে নিয়ে আসে অনাড়ম্বর অনুষ্ঠান করে কোটি কোটি টাকা খরচ করে (সূত্রঃ ৫০ কর্মসূচিতে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন, ব্যয় ২৬০ কোটি, ঢাকা পোষ্ট,২৭ ফেব্রুয়ারি ২০২১)। কোভিড মহামারীতে সারা বিশ্ব অস্থির। জীবন যাপন বিপন্ন। সারাবিশ্বেই একটি দুর্যোগ। বাংলাদেশেও একের পর এক লক ডাউন। পাশাপাশি লক ডাউন দিয়ে বিরোধী দলের আন্দোলন দমনের চেষ্টা। জনগণ যখন টিকার জন্য হাহাকার তখন ভারত থেকে টিকা আনার নিমিত্তে ৬০০ কোটি টাকা গচ্চা দেয়। এরপর চার্টার্ড প্লেনে বিশাল সফল সংগী নিয়ে ফিনল্যান্ড ব্যক্তিগত সফর হয়ে জাতিসংঘ অধিবেশনে যোগ দেয় (সূত্রঃ যুক্তরাষ্ট্রের পথে প্রধানমন্ত্রী ফিনল্যান্ডে, জনকণ্ঠ, ১৮ সেপ্টেম্বর ২০২১; মহামারী শুরুর পর প্রথম দেশের বাইরে যাচ্ছেন প্রধানমন্ত্রী, জনকণ্ঠ, ১৬ সেপ্টেম্বর ২০২১; জাতিসংঘ অধিবেশনে যোগ দিতে নিউইয়র্ক পৌঁছেছেন প্রধানমন্ত্রী, দি ডেইলি স্টার, ২০ সেপ্টেম্বর, ২০২১ )। ফিনল্যান্ডে গিয়ে বিমানকে শুধুমাত্র ব্যক্তিগত প্রয়োজনে ২ দিন এয়ারপোর্ট পার্কিং ফি দিয়ে বসিইয়ে রাখে। পুরু জাতিকে করোনার সংকটে রেখে বৈদেশিক মুদ্রা খরচ করে এমন একটি বিশাল বহরের ভ্রমনসঙ্গী নিয়ে এরকম একটি যাত্রা তখন অনেক সমালোচনা সৃষ্টি হয়। নিউইয়র্ক থেকে শেখ হাসিনা সংবাদ সম্মেলনে বলেছিলেন দীর্ঘদিন করোনার কারনে ট্রাভেলস বন্ধ থাকায় পাইলটরা বসে ছিলো, তাই নিউইয়র্ক - এর এই বিমান যাত্রায় পাইলটদের প্রাক্টিস হলো। জাতির এত রিজার্ভের ডলার খরচ করে করোনা সংক্টকালীন মুহুর্তে এ ধরনের কথা সত্যিই জাতির সাথে মশকরা। উল্লেখ্য অপ্রমানিত সুত্রের খবরে তখন সোস্যাল মিডিয়ায় চাউর হয়যে শেখ হাসিনা ফিনল্যান্ডে প্রায় ২৭ টি লাগেজ ভর্তি করে কিছু নিয়ে গেছেন এবং সেখানে তার বোনপো ববির কাছে রেখে এসেছেন। ঠিক শেখ হাসিনার ভ্রমনের ঐ মুহুর্তে ইউনিয়ন ব্যাংকের ভল্ট থেকে বিপুল অর্থ চুরি হয়ে যায় (সূত্রঃ ইউনিয়ন ব্যাংকের ভল্টে টাকার হিসাব মিলছে না, প্রথম আলো, ২৩ সেপ্টেম্বর ২০২১)। বিদেশে থাকা অনেকেই প্রধানমন্ত্রীর সফরের লাগেজ এবং টাকা চুরির একটি মিল খুঁজে সমালোচনা করেন। তবে শেখ হাসিনার সমালোচনা বা তার বিরুদ্ধে অভিযোগ দেয়ার মতো সাহস বাংলাদেশে কোন গনমাধ্যমের বা ব্যক্তির নেই। উল্লেখ্য ১৯৭১ সালের পর শেখ হাসিনার বাবা শেখ মুজিব সদ্য স্বাধীনতা প্রাপ্ত ভঙ্গুর অর্থনীতির মধ্যেও চাটার্ড প্লেন নিয়ে জাতিসঙ্গের অধিবেশনে গিয়েছিলেন এবং প্রায় ৭ দিন বিমানকে পার্কিং এ রেখে ফি দিয়েছেন।

এছাড়াও করোনার এসময় রিলিফ চুরির আওয়ামী নেতাদের মহোৎসব। রিলিফ বা টিসিবির সয়াবিন তেলের বোতল পাওয়া যায় আওয়ামী নেতাদের বাসার বক্স খাটের নীচে। স্তরে স্তরে সাজানো। আওয়ামী চাটারদের গোডাউনে রিলিফের চালের বস্তার স্তুপ। লোকজন সামাজিক মাধ্যমে ট্রল করে এরা কাফনের কাপড় পর্যন্তও চুরি করবে। অবশ্য এটাই স্বাভাবিক। অন্যদিকে, করোনার সময় ৬৫ দিন লকডাউন দেয়ার পর এক সরকারী বিজ্ঞপ্তিতে বলেছিলো যে, ১.৫ কোটি পরিবার বা ৭.৫ কোটি লোকের মধ্যে বিতরণ করেছে ১ লাখ ৭১ হাজার ৭৮১ মেট্রিক টন চাল (সুত্রঃ প্রায় দেড় কোটি পরিবারকে ত্রাণ দিয়েছে সরকার, ইত্তেফাক, ১২ জুন ২০২০)। যদিও আওয়ামী চাটারদের রিলিফ চুরির উল্লাস জাতি দেখেছে (সূত্রঃকরোনাভাইরাস: মহামারি হয়তো একদিন যাবে, কিন্তু বাংলাদেশে দুর্নীতির ভাইরাস কোন ওষুধে দূর হবে? বিবিসি, ২৩ এপ্রিল ২০২০;করোনার ত্রাণ চুরি সমাচার, যুগান্তর, ১৮ এপ্রিল ২০২০, ডয়েসে ভেলে,করোনার চাল চুরি, ১৩ এপ্রিল ২০২০)।

*১০-এর পৃষ্ঠায় দেখুন*

# দুর্ভিক্ষের ৫০ বছর পূর্তি কি আসন্ন

*৯-এর পৃষ্ঠার পর*

যদি মনেকরি কোন দুর্নীতি হয়নি, তবে ৬৫ দিনে জনপ্রতি বরাদ্দকৃত চালের পরিমাণ হয় মাত্র ২ কেজি ৩০০ গ্রাম। অর্থাৎ প্রতিদিন একজন মানুষের জন্য বরাদ্দ দেয়া হয়েছে প্রায় ৩৫ গ্রাম। একজন ব্যক্তি শুধুমাত্র ৩৫ গ্রাম চাল তিন বেলা খেলে প্রতিবেলায় চালের পরিমাণ দাঁড়ায় প্রায় ১২ গ্রাম। অথচ করোনার এই সংকট পরিস্থিতিতে ৫ তলা ভবনের মালিক আওয়ামীলীগ নেতাও পেয়েছেন ও এম এস এর চাল (সূত্রঃ ত্রাণের খাদ্য সহায়তা কর্মসূচিতে নানা অনিয়ম, গরিবের চাল খাচ্ছে প্রভাবশালীরা, যুগান্তর, ১৪ মে ২০২০)। পুর্বের ঐ একই প্রেস বিজ্ঞপ্তি অনুসারে, সাড়ে ১৪ লক্ষ মানুষের মধ্যে ৬৫ দিন ব্যাপী বিতরণ করা হয়েছে ২৭ কোটি ১৪ লক্ষ টাকা। অর্থাৎ, দুর্নীতি না হলে জনপ্রতি ৬৫ দিনে মাত্র ১৯৩ টাকা। আর সহজে বললে দাঁড়ায় ২ টাকা ৯৬ পয়সা। এই টাকা দিয়ে তেল, লবণ, কাঁচামরিচ, তরকারী ইত্যাদি কিনতে পারবে কেউ?

অন্যদিকে, করোনায় বিপর্যস্ত অর্থনীতি ও সংকটের সময় গ্রামীণ সড়ক আর কালভার্ট নির্মাণের নামে এমপিদের দেয়া হয়েছে মাথাপিছু ২০ কোটি টাকা (সূত্রঃ ইত্তেফাক, মহামারির মধ্যেও ২০ কোটি টাকা পাচ্ছেন সংসদ সদস্যরা, ২১ জুন ২০২০)। উল্লেখ্যযে, করোনার সাহায্যের জন্য আওয়ামীলীগের ত্রান কমিটি করা হয়েছিলো যাদের ভুমিকা ছিলো প্রশ্নকর (সূত্রঃ আওয়ামী লীগের ত্রাণ কমিটি যেন প্রশাসনের উপর খবরদারি না করে: টিআইবি, বিডিনিউজ২৪ডটকম, ১৮ এপ্রিল ২০২০)।

সেই ভয়াল ১৯৭৪ এ রিলিফের কম্বল দিয়ে অনেক নেতারাই মুজিব কোট বানিয়েছেন। তাই সাধারন জনগণ বলত "কম্বল কেটে মুজিব কোট, আর দিবনা নৌকায় ভোট। "এখন অবশ্য এটা বলার সুযোগ নেই। কারন বর্তমানে কে ভোট দিলো আর না দিলো তাতে কি আসে যায়! ভোট তো আগেই ব্যালটে কেটে নেয় আওয়ামীরা। ৭৪ এ জনগনের ক্ষুধা এত চরমে গিয়েছলো যে কবি রফিক আজাদ কবিতায় লিখেছিলেন "ভাত দে হারামজাদা নইলে মানচিত্র খাব।" যাহোক আজ সেই ৫০ পরে কি অবস্থা! এখনো কি কবিতা লেখা হয়না? নাকি এখন জনগনের অভাব নেই! আসলে সেটা লেখার সাহস অনেকেরই নেই। কয়েকমাস আগে প্রথম আলো পত্রিকায় একটি ছবি দিয়ে একটি কিশোরের বক্তব্য কোট করা হয়েছিল "আমাদের চাল, ডালের স্বাধীনতা লাগবে। "সামান্য এই একটি কথা সহ্য করতে পারেনি ক্ষমতাশীন দল। তারা সেই সাংবাদিক এবং পত্রিকার সম্পাদক এর উপর কি জুলুম করেছে সেটা সবাই দেখেছেন। এমন পরিস্থিতিতে অভাব, দ্রব্য মুল্য নিয়ে কবিতা কিংবা চিত্র আকে কার এমন সাহস!

জনগনের অবস্থা যখন এরকম তখন একের পর একটি মেঘা প্রকল্প করে বিদেশী লোনের বোঝা বাড়াচ্ছে সরকার। মেঘা প্রকল্প করে মেঘা দুর্নীতি চলছে। বৈদেশিক মুদ্রার রিজার্ভ কমে যাচ্ছে। আমদানি ব্যহত। তদুপরি আমদানি ও রপ্তানির অন্তরালে বিদেশে অর্থ পাচার করছে সরকারি দলের সমর্থক অলিগাররা। তবুও একের পর এক গোয়েবলীয় উন্নয়নের গল্প জনপ্রিয়তা অর্জনের নোংরা খেলায় মেতেছে আওয়ামী লীগ! একই সাথে শেখ মুজিবকে আবার হিরো বানানোর চেস্টা করছে আওয়ামী লীগ। একের পর একের বই বাজারে আসছে শেখ মুজিবকে নিয়ে। মুজিবকে দেখানো হচ্ছে মহানায়ক হিসেবে। কিন্তু অন্যান্যদের ভুমিকা নিয়ে কোন আলোচনা তো নেই বরং কাউকে কাউকে রাজাকার বা স্বাধীনতা বিরোধী পাকি দালাল বানানোর গোয়েবলস চলছেই। এই দীর্ঘ ৫০ বছর পরে শেখ মুজিবকে সিনেমা বানিয়ে জনগণের কাছে করুনা আদায় করার চেষ্টা করছে আওয়ামী লীগ। কারন জনগণকে দিয়েছে শুধু উন্নয়নের মিথ্যা বয়ান। তাই নির্বাচনকে সামনে রেখে করুনা ভিক্ষা ছাড়া আর কি বা চাইতে পারে এই দল। শেখ মুজিব একটি জাতির রুপকার এই ছবি দেখে দর্শকদের কান্নাজড়িত ভিডিও যতই শেয়ায় হচ্ছে ততই সামাজিক মাধ্যমে এই পোস্টগুলোতে হা হা রিয়াকশন ও ট্রল কমেন্টস বাড়ছে। আওয়ামী লীগের জনপ্রিয়তা যে সেই ৭৪ এর অবস্থায় চলে গেছে তাতে কোন সন্দেহ নেই। এর কারন কি? জনগণের উপর নেমে এসেছে নীরব দুর্ভিক্ষ! দ্রব্যমুল্যের ভাড়ে অতিষ্ঠ জনগন।

বর্তমান এসময়ে আমরা দেখি ভারতের বন্দনা গাইতে ব্যস্ত আওয়ামী সমর্থক বুদ্ধিজীবীরা। পরবর্তীতে আবারও ক্ষমতায় আসার জন্য উনারা ভারত নির্ভরশীল। পররাষ্ট্র মন্ত্রী মোমেন সাহেবের একটি বক্তব্য রীতিমতো ভাইরাল হয়েছিল। তার মতে তিনি ভারতকে শেখ হাসিনার ক্ষমতা টিকিয়ে রাখতে বলেছেন। আওয়ামী লীগের সাধারণ সম্পাদক কোন এক বক্তব্যে বলেছেন আমেরিকার জন্য দিল্লি প্রয়োজন, দিল্লি আছে আমরা আছি। এমনকি স্বয়ং প্রধানমন্ত্রীও বলেছেন যে ভারতকে উনি যা দিয়েছেন ভারত তা চিরদিন মনে রাখবে। এই সব কথা বার্তায় এটাই স্পষ্ট হয়য়ে ভারতের প্রতি নতজানুতা বর্তমান সরকারি দলের আরও বেশি। এই নতজানুতা এতো প্রবল যে দেশের মানুষ ইলিশ কিনতে না পারলেও সেই ইলিশ কম দামে কলকাতার বাজারে বিক্রি হচ্ছে পুজার সময়। অথচ সেই ভারতের কাছ গংগা তথা পদ্মার এক ঘটি পানিও নিতে পারেনা বাংলাদেশ। আর সেই পদ্মার ইলিশ খাবার শখ হয় সেই ভারতীয়দের। বাংলাদেশ সরকার বা আওয়ামী সরকার দিন দিন বন্ধুত্বের দোহাই দিয়ে ভারতকে তুষ্ট করেই চলেছে।

এরই মধ্যে বাংলাদেশের অর্থনৈতিক অবস্থা এত খারাপের দিকে গেছে যে বাংলাদেশ ব্যাংকের গভর্নর বলেছেন যে তিনি তার চাকুরী জীবনের ৩৬ বছরে এমন ভয়াবহ অবস্থা দেখেননি (সূত্রঃ অর্থ সূচক:
৩৬ বছরের চাকরী জীবনে এমন অর্থনৈতিক সঙ্কট দেখিনিঃ গভর্নর, ০৭ নভেম্বর ২০২৩; বাংলাদেশ ব্যাংকের গভর্নর কেন বলছেন, অর্থনীতি তলানিতে, গোলাম মওলা, বাংলা ট্রিবিউন, ০৯ নভেম্বর ২০২৩)! প্রচন্ড নিয়ন্ত্রণ থাকা স্বত্বেও বাংলাদেশের সংবাদপত্রে মাঝে মাঝে কিছু খবর আসে যা খুবই ভয়াবহ দুর্ভিক্ষের বার্তা দেয়। দীর্ঘদিন ধরে সংবাদ মাধ্যমে আসা খবর বিশ্লেষণ করে দেখা যায় বাংলাদেশের দুর্নীতি বেড়েই চলছে (সূত্রঃ দুর্নীতি আরও বেড়েছে, সমকাল, ৩১ জানুয়ারি ২০২৩), ব্যাংক গুলো চরম অর্থ সংকট নিয়ে চলছে (সূত্রঃ ব্যাংকে টাকায় টান পড়েছে, বেড়ে গেছে সুদহার, সানাউল্লাহ সাকিব, প্রথম আলো, ১৯ নভেম্বর ২০২৩)। সেই সাথে রয়েছে ঋন খেলাপি, ঋন কেলেংকারী,নামে বেনামে কোম্পানির নামে ঋন ইত্যাদি (সূত্রঃ সমকাল,ঋণের নামে ব্যাংক লুণ্ঠনের 'মেগা সিরিয়াল' ০৩ ডিসেম্বর ২০২২; প্রথম আলো, আলোচিত যত ব্যাংকঋণ কেলেঙ্কারি, নিজস্ব প্রতিবেদক, ২৪ নভেম্বর ২০২২; প্রথম আলো, ইসলামী ব্যাংকে 'ভয়ংকর নভেম্বর' সানাউল্লাহ সাকিব, ২৪ নভেম্বর ২০২২)। এছাড়াও আমদানি ও রপ্তানির অন্তরালে সীমাহীন অর্থ পাচার করা হয়েছে বিগত কয়েক বছর গুলোয় (সূত্রঃ বণিক বার্তা, ব্যবসার আড়ালে অর্থ পাচার প্রেক্ষাপট বাংলাদেশ, নিজাম আশ শামস, জানুয়ারি ১৬, ২০২৩; প্রথম আলো, কেন এই লাগামহীন অর্থপাচার, মামুন রশীদ, ১৭ অক্টোবর ২০২৩)। এমনকি মহামারীর সময়েই থেমে থাকেনি এই অর্থ পাচার। সব কিছু মিলিয়ে বৈদেশিক মুদ্রায় রিজার্ভ তলানিতে। যদিও সরকার থেকে বলা হচ্ছে রিজার্ভ পর্যাপ্ত। কিন্তু বাস্তবতা ভিন্ন (সূত্রঃ প্রবাসী আয় বাড়লেও কমছে বৈদেশিক মুদ্রার রিজার্ভ, নিজস্ব প্রতিবেদক, প্রথম আলো, ১৭ নভেম্বর ২০২৩)। রিজার্ভ সংকটের কারনে আমদানি ব্যহত (সূত্রঃ খরচ সামলাতে নিত্যপণ্য কেনায় কাটছাঁট, কমেছে আমদানি, মাসুদ মিলাদ, প্রথম আলো, ২৫ নভেম্বর ২০২৩), এল সি খুলতে পারছেনা অনেক ব্যবসায়ীরা (সূত্রঃ ইত্তেফাক, আহমেদ তোফায়েল, ১৮ অক্টোবর ২০২৩, এলসি খুলতে জটিলতা কাটছে না, বাড়ছে ব্যবসার খরচ)। বর্তমানে ব্যবহার যোগ্য রিজার্ভের পরিমাণ ১৫.৯ বিলিয়ন ডলার (সূত্র: প্রথম আলো,ব্যবহারযোগ্য রিজার্ভ কমে ১৬ বিলিয়ন ডলারের নিচে, ২৮ নভেম্বর ২০২৩), এর মধ্যে আছে ১০০ বিলিয়ন ডলারের বিদেশি ঋন (সূত্রঃ বনিক বার্তা, ১০০ বিলিয়ন ডলারে পৌঁছল বাংলাদেশের বিদেশী ঋণ, ২২ নভেম্বর ২০২৩)।

একের পর এক মেঘা প্রকল্প যেমন মেট্রোরেল, কর্নফুলী টানেল, পদ্মা সেতু, রুপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র ইত্যাদি হাতে বিদেশ থেকে নেয়া ঋণের বোঝা বাড়িয়েছে বর্তমান সরকার। বাংলাদেশের ২০টি মেগা প্রকল্পের মধ্যে উল্লেখযোগ্য হলো- রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র, ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট লাইন-১, মাতারবাড়ি ১২০০ মেগাওয়াট কয়লা বিদ্যুৎ প্রজেক্ট, ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট লাইন-৫, লাইন-৬, পদ্মা ব্রিজ রেল সংযোগ, ফোর্থ প্রাইমারি অ্যাডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম, এক্সপানশন হযরত শাহজালাল ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট প্রকল্প, ঢাকা-আশুলিয়া অ্যালিভেটেড এক্সপ্রেসওয়ে, ডিপিডিসির পাওয়ার সিস্টেম শক্তিশালীকরণ প্রকল্প, যমুনা নদীতে বঙ্গবন্ধু শেখ মুজিব রেলওয়ে ব্রিজ প্রকল্প, কর্ণফুলী টানেল প্রকল্প, সেফ ওয়াটার সাপ্লাই প্রকল্প ও কভিড ইমারজেন্সি রেসপন্স ও প্যান্ডামিক প্রিপারেডেন্স প্রকল্প ইত্যাদি। গত এক দশকে সরকারি বিভিন্ন মেগা প্রকল্পের পাশাপাশি বিদ্যুৎ খাতেও বিপুল পরিমাণ বিদেশী ঋণ এসেছে। রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পে সর্বোচ্চ ঋন এসেছে। এসব প্রকল্পের মোট ব্যয় প্রায় ৭১ বিলিয়ন ডলারের ৬১% ভাগ বিদেশী ঋণের (বাংলানিউজটোয়েন্টিফোর.কম, ২১ জুলাই ২০২২ঃ ২০ মেগা প্রকল্পের ঋণ শোধের বড় ধাক্কা আসছে: দেবপ্রিয় ভট্টাচার্য)। বনিক বার্তায় ২০২২ সালের ১৮ অক্টোবর তারিখে "২০২৩ সালে বিদেশী ঋণ দাঁড়াবে ১১৫ বিলিয়ন ডলারে" শিরোনামে প্রকাশিত প্রতিবেদন অনুসারে ২০২৪ সালর শেষে বিদেশী ঋণের পরিমাণ হবে ১৩০ বিলিয়ন ডলার। একইসাথে ২০২৪ সাল থেকে ঋণের কিস্তি পরিশোধ শুরু হবে অনেক মেগা প্রকল্পের। ফলে বিদেশী ঋণ পরিশোধের পরিমাণ বাড়বে এবং আরো বেশি পরিমাণে ডলারের প্রয়োজন হবে। এভাবে বিদেশী ঋণ বাড়ার সাথে সাথে এর সুদ ও আসলের কিস্তি পরিশোধের পরিমাণও বাড়ছে। সে অনুযায়ী ২০২৩-২০২৪ অর্থবছরে ৪ বিলিয়ন ডলার, আর ২০২৪-২৫ অর্থবছরে ৫ বিলিয়ন ডলার ছাড়িয়ে যেতে পারে বলে বিশেষজ্ঞদের মতামত (যায়যায়দিন, ২৩ অক্টোবর ২০২২ঃ ভারী হচ্ছে বিদেশি ঋণের বোঝা)। এমনিতেই ডলারের তীব্র সংকট চলছে দেশে। এছাড়াও রেমিট্যান্স, রফতানি আয়সহ দেশে ডলার সংস্থানের উৎসগুলো সংকুচিত হয়ে এসেছে। অন্যদিকে দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভের ক্ষয়ও ক্রমাগত বাড়ছে। এমতাবস্থায় যখন বেশিরভাগ এর কিস্তি পরিশোধ শুরু হবে ২০২৪ সালে তখন এক ভয়াবহ বিপদে পরবে বাংলাদেশ। কারন ইতিমধ্যে ব্যালেন্স অব পেমেন্ট এর বিশাল ঘাটতি নিয়ে আগাচ্ছে বাংলাদেশ। এ অর্থবছর (২০২২-২০২৩) শুরু হয়েছে ১৮.৭ বিলিয়ন ডলার পেমেন্ট অব ব্যালেন্সের বিশাল ঘাটতি নিয়ে (নয়া দিগন্ত, ১৩ নভেম্বর ২০২২ঃ বাংলাদেশের ২৬ বিলিয়ন ডলারের রিজার্ভ অর্থনীতির জন্য কী বার্তা দিচ্ছে?)। অর্থনীতিবিদদের মতে এ অর্থ বছর ২০২২-২৩ শেষে ব্যালেন্স অফ পেমেন্ট এর ঘাটতি দাঁড়াবে প্রায় ২০ বিলিয়ন ডলার (নিউজ বাংলা২৪. কম, ৪ জুলাই ২০২২ঃ লেনদেন ভারসাম্যে রেকর্ড ঘাটতির মুখে দেশ )। অর্থাৎ ২০২২-২৩ অর্থবছর শেষে প্রায় ২০ বিলিয়ন ডলারের ঘাটতি নিয়েই নতুন অর্থবছর ২০২৩-২৪ এ প্রায় ৪ বিলিয়ন ডলারের বিদেশী ঋণের কিস্তি পরিশোধ করতে হবে। যদি আর কোন লোন না নেয় তবুও এই বিদেশি লোন পরিশোধ করতে সময় লাগবে ২০৬২ সাল পর্যন্ত (সূত্রঃবর্তমান ঋণ শোধ করতেই বাংলাদেশের সময় লাগবে ২০৬২ সাল পর্যন্ত,নয়া দিগন্ত অনলাইন ০৬ আগস্ট ২০২৩)। এতকিছুর পরেও সরকারি দল সমর্থিতরা বলে অর্থনীতি চাঙ্গা হয়ে উঠছে (বাংলা ট্রিবিউন, ০৩ জানুয়ারি ২০২৩ঃ চাঙ্গা হয়ে উঠছে দেশের অর্থনীতি)। যদিও ধার-কর্জ করেই চাঙ্গা রাখা হচ্ছে অর্থনীতি (ডেইলি স্টার ১৪, ২০২১ঃ ঋণ নিয়ে চাঙ্গা রাখা হচ্ছে অর্থনীতি)। যদিও অর্থনীতিবিদদের মতে এত এত ঋণের বোঝা বড় করলে বাংলাদেশ সংকটে পড়বে।

এমন উদ্ভূত পরিস্থিতিতে, চাহিদা থাকা স্বত্বেও আমদানি কমিয়ে দেয়া হয়েছে। তাই দেশে বাজারের চাহিদা অনুযায়ী যোগান না থাকায় ভেজিটেবল অয়েল থেকে শুরু করে ডিম, আলু পিয়াজ সবকিছুর দাম উর্ধগতির। যদিও সরকার থেকে বলা হয় এগুলো সিন্ডিকেটের কারসাজি, কিন্তু আজ পর্যন্ত কোন সিন্ডিকেট ভাংগার পদক্ষেপ নিতে দেখা যায় নি। এর মধ্যে ভারত থেকে ডিম আমদানি করে ডিমের মুল্য নিয়ন্ত্রণের চেস্টা চলে। ভারতীয় ডিম আসার একদিনের মধ্যেই ডিমের দাম সামান্য একটু কমে গেলে সরকারি দলের মুখ পাত্র হয়ে কাজ করা মিডিয়া গুলো এটাকে সিন্ডিকেট ভাংগার একটি সফলতা হিসেবে দেখাতে চেয়েছে।
*(সূত্রঃ আমদানির সিদ্ধান্তে কমেছে ডিমের দাম: বাণিজ্যমন্ত্রী: ইত্তেফাক অনলাইন ডেস্ক, ২৫ নভেম্বর ২০২৩)।*
অর্থাৎ ডিমের যোগান বাড়িয়ে সিন্ডিকেটদের দৌড়াত্ব নিয়ন্ত্রণ করা গেছে বলে প্রচার চালাচ্ছে মিডিয়া গুলো। কিন্তু ব্যাখ্যা অন্যও হতে পারে। ভারত থেকে ডিম আমদানি করতে বাধ্য করতে সিন্ডিকেট কৃত্রিম সংকট তৈরী করতে পারে। এ ধারণা করা অমূলক নয়। ১৯৭৪ সালে খাদ্যের অভাব যেটুকু ছিলো তার চেয়ে বেশি ছিলো কৃত্রিম সংকট। অবৈধ মজুদদাররা খাদ্য সামগ্রী মজুদ করে বাজারে কৃত্রিম সংকট তৈরী করেছিলো। অধিক দাম দিয়ে খাদ্য ঠিকই কেনা যেত তখন। এখনো কি এরকম অবস্থা বিরাজমান? অসম্ভব কিছু না। বাংলাদেশে যে আলু খুব সস্তায় বিক্রি হতো, বিক্রি না করতে না পেরে যে আলু পচে যেত সেই আলুও এখন আমদানি করতে হয় ভারত থেকে (সুত্রঃ ইত্তেফাক, ভারত থেকে প্রথমবারের মতো আলু আমদানি শুরু, ০২ নভেম্বর ২০২৩)। যে বাংলাদেশের রয়েছে বিশাল এক সমুদ্র সেই বাংলাদেশ শেষ পর্যন্ত লবণটাও আমদানি করবে ভারত থেকে (সূত্রঃ এবার লবণ আমদানির অনুমতি, ইত্তেফাক অনলাইন ডেস্ক, ০৭ নভেম্বর ২০২৩)! এটাও কি সিন্ডিকেটের কারসাজি নাকি আসলেই অভাব। রিজার্ভের এই পতনের মাঝে যদি লবন আমদানি করতে হয় তবে অর্থনীতি টিকে থাকবে কিসের উপর ভিত্তি করে! যে সরকার বিরোধী মত দমনে এত কঠোর পদক্ষেপ নিচ্ছে সেই সরকার সিন্ডিকেট ভাংগতে অপারগ! এটা অবিশ্বাস্য। আসলে ঐসব ব্যবসায়ী সিন্ডিকেট আর কেউ নয়, সরকারি দলের সমর্থক বা ছত্র ছায়ার থাকা কিছু অলিগার। দেশের এমন পরিস্থিতিতে তাই প্রশ্ন বাংলাদেশ কি আরেকটি দুর্ভিক্ষের সন্নিকটে? বাংগালী কি দুর্ভিক্ষের ৫০ বছর পুর্তি করতে যাচ্ছে!

**বিশেষ দ্রস্টব্যঃ**
সন্মানিত পাঠক এই লেখায় আমার নিজস্ব কোন মতামত নেই। লেখার সম্পুর্ন অংশ বিভিন্ন প্রকাশিত বইয়ের থেকে নেয়া এবং বাংলাদেশের সংবাদপত্রের থেকে নেয়া। পাঠকগন ইচ্ছে করলে সংবাদের শিরোনাম কপি করে গুগল থেকে দেখে নিতে পারেন। বিশেষকরে এন্থনি মাস্কারেনহাস এর "বাংলাদেশ: রক্তের ঋণ" এবং হাসনাত করিম এর লেখা "বিদেশী সাংবাদিকের দৃষ্টিতে শেখ মুজিবের বাংলাদেশ" বই দুটি পড়তে পারেন।

বই দুটির ফ্রি পিডিএফ লিঙ্ক দেয়া হলোঃ
*বিদেশী সাংবাদিকের দৃষ্টিতে শেখ মুজিবের বাংলাদেশ*
<https://www.pathagar.org/index.php?/book/detail/2792>
*বাংলাদেশ: রক্তের ঋণ*
<https://xeroxtree.com/pdf/bangladesh_rokter_rin.pdf >




ভদ্রলোকের স্কিন ক্যান্সারে আক্রান্ত হয়েছিল বেশ কয়েক বছর আগে। মোবাইল ফোন থেকে আক্রান্ত স্থানের বেশ কিছু ছবি আমাকে দেখালেন, সত্যি ভয়াবহ অবস্থা হয়েছিল। ছবিগুলোর দিকে বেশীক্ষণ তাকিয়ে থাকতে পারলাম না। আলহামদুলিল্লাহ, আল্লাহ তা'আলা তাঁকে সুস্থ করেছেন।

ডাক্তার তাকে বলেছিলেন তিনি লাস্ট স্ট্যাজে আছেন, খুব বেশী দিন টিকবেন না। তবে দ্রুত ক্যামো নেয়ার পরামর্শ দেন। যদি এতে লাইফ স্প্যান কিছুটা বাড়ে। তিনি ক্যামো নিতে রাজি হননি। বাসায় ফিরে বিশেষ কিছু খাবার খেতে শুরু করেন। কি খাবার খেতেন, কথা বলতে বলতে তার নোট নিলাম।

১. প্রতিদিন সকালে খালি পেটে হাতের তালুতে কালিজিরার গুড়া ও মধু নিয়ে তা পান করা (মধু পানের অব্যবহিত পরে পানি না খাওয়া, কেননা এতে মধুর কার্যকারীতা হ্রাস পায়)
২. কালিজিড়ার গুড়া সাথে অলিভ অয়েল পান। গুড়া খেলে ভালো ফল পাওয়া যাবে
৩. মেথির দানা পানি দিয়ে গিলে খাওয়া (দুই দিন অন্তর অন্তর)
৪. আজুয়া খেজুর প্রতিদিন ৭টা অথবা ৩টা
৫. খাবারের সাথে লাউ, তরকারি হিসেবে নিয়মিত খাওয়া
৬. পাঁচটা সবজি মিশিয়ে তরকারি খাওয়া (গাজর, বিট রূট, লাউ, বেগুন) সাথে অলিভ অয়েল
৭. কড়লা সিদ্ধ করে সাথে অলিভ অয়েল দিয়ে খাওয়া
৮. জমজম পানি সাধারণ পানির সাথে মিশিয়ে সারাক্ষণ পান করা।

এভাবে চললেন বেশ কিছুদিন। যখন সুস্থ বোধ করলেন তখন ডাক্তারের সাথে দেখা করতে গেলেন। ভদ্রলোকের ভাষায়, ডাক্তার ভেবেছিলেন আমি এর মধ্যে মরে গেছি। ডাক্তার ক্যান্সারের অবস্থা কেমন তা দেখতে বেশ কিছু টেস্ট করালেন। ফলাফল হাতে এলে ডাক্তার সাহেব অবাক। চক্ষু ছানাবড়া। ক্যান্সারের নাম নিশানা নেই (আলহামদুলিল্লাহ)।

উনি আরও বলেন, তার সাথেই একজন স্কিন ক্যান্সারের আক্রান্ত হয়েছিল। উনার খুব পরিচিত। সে ক্যামো থেরাপি নিয়েছিল। অল্প দিনের মধ্যে সে ব্যক্তি মৃত্যুবরণ করেন। উনার মতে ক্যামো থেরাপি কোন ভালো চিকিৎসা নয়। আমি তার সাথে একমত পোষন করলাম। কেননা আমার আব্বা ক্যান্সারে আক্রান্ত হয়ে মৃত্যু বরণ করেন। ক্যামো দেয়ার পর তিনি দূর্বল থেকে দূর্বলতর হতে থাকেন। দ্রুত তাঁর অবস্থা খারাপ হতে থাকে। অথচ ক্যামো দেয়ার পূর্বে তিনি পরিপূর্ণ সুস্থ ছিলেন। ক্যামোর উদাহরণ হলো: শত্রু-মিত্র উভয়ের উপর ব্রাশ ফায়ারে করার মতো। এতে রোগ জীবাণু (শত্রু) যেমন মারা যায়, সাথে শরীরের রোগ প্রতিরোধ ব্যবস্থা যাকে ইমিউনিটি সিস্টেম (মিত্র) বলে তাও ধ্বংস করে দেয়া হয়। আর এ কারণে দেখা যায় ক্যামো থেরাপি নেয়ার পর রুগী নানা নতুন নতুন রোগে আক্রান্ত হতে হতে অবশেষে মৃত্যুর কোলে ঢলে পড়েন।

কেউ কেউ বলেন, পৃথিবীতে এতো রোগ ব্যধির টীকা আবিষ্কৃত হয়েছে, অথচ ক্যান্সারের কোন টীকা আবিষ্কার হয়নি কেন? এর কারণ ঔষধের ব্যবসা। ক্যামো থেরাপি, রেডিয়েশন থেরাপি ইত্যাদির ব্যবসায়ীরা ক্যান্সারের চিকিৎসা আবিষ্কার হবার প্রধান বাঁধা। এই চক্রই হয়তো আজ সমকামীতার প্রমোটার। কেননা সমকামীদের নিয়মিত ভ্যাক্সিন নিতে হয়। যারা এধরণের অপরাধের সাথে জড়িত তাদের মারাত্মক রোগ প্রতিনিয়ত আক্রমণ করে। যার মাঝে এক বিশেষ ধরনের ক্যান্সার অন্যতম। এছাড়া হেপাটাইটিস বি, এইস আই ভি, গনোরিয়া, অন্যতম। প্রতিনিয়ত এদের টিকা নিতে হয়। প্রতিবছর আনুমানিক ৬টা করে ভ্যাক্সিন নিতে হয়। প্রতি তিনমাস অন্তর অন্তর এদের শরীরে নানাবিধ পরীক্ষা নিরীক্ষা করতে হয়। এগুলো সব ওষুধের ব্যবসার সাথে সম্পৃক্ত। আল্লাহু আলম।

যাহোক ভদ্রলোকের কথায় ফিরে আসি। তিনি আরও বলছিলেন, তার গত ১০-১৫ বছরে তেমন কোনো রোগ ব্যধি নেই। ডাক্তার প্রতিবছর চেক আপ করার পরামর্শ দেন। উনি এড়িয়ে যান। তিনি অনেককে রোগ ব্যধির চিকিৎসা বিষয়ে নানা পরামর্শও দেন। তার পরামর্শে অনেকে ভালো আছেন, আলহামদুলিল্লাহ। তবে তার চিকিৎসা মূলত কোরআন হাদীসের আলোকে চিকিৎসা।

কালিজিরা, মধু, অলিভ/জয়তুন সম্পর্কে কোরআন হাদীস আলোচনা হয়েছে যা আমাদের অনেকের জানা আছে। কোরআন হাদিসে যাদের বিশ্বাস রয়েছে, তাদের উল্লেখিত ভদ্রলোকের কথাকে অসত্য মনা করার কোন সুযোগ নেই।

আল্লাহ তা'আলা আমাকে, আমার পরিবার ও আপনাদের সকলকে সুস্থ রাখুক, আ-মীন।

---

# উপমহাদেশে গণতন্ত্রের ভবিষ্যত কি?

*১ম পৃষ্ঠার পর*

এ নির্বাচনগুলোর মাঝে প্রথমটি ৭ জানুয়ারী ২০২৪ তারিখে বাংলাদেশে অনুষ্ঠিত হয়েছে। এই দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনটি প্রকৃতপক্ষে ছিলো ক্ষমতা দখল করে রাখা আওয়ামী লীগের জন্য আরো পাঁচ বছরের বৈধতা পাওয়ার আনুষ্ঠানিকতা মাত্র। নানা প্রহসন, কৌতুক এবং বিকৃত দলীয় দখলদারিত্ব চর্চার শেষে সরকার দাবী করেছে চল্লিশ শতাংশ ভোটার না কি এ নির্বাচনে ভোট দিয়েছে। তবে সবার সামনে যে বাস্তবতা পরিস্কার তা হলো সমস্ত প্রচেষ্টার পরও শতকরা দুই থেকে পাঁচ শতাংশ ভোটারও এ নির্বাচনে ভোট দিতে ভোটকেন্দ্রে যায়নি।

তবে বাংলাদেশের একজন মানুষও যদি ভোট দিতে না যায় তাতে আওয়ামী লীগের ক্ষমতা দখল করে রাখার অজুহাতের কোন অভাব হবে না। তারা যেহেতু নিজেদেরকে স্বাধীনতার স্বপক্ষের শক্তি তথা বাংলাদেশের স্বাধীনতার মালিক দাবী করে, সুতরাং তাদের আসল বক্তব্য হলো এই দেশে ক্ষমতা ভোগ করার একমাত্র হকদার তারাই। শেখ মুজিব আনুষ্ঠানিকভাবে একদলীয় শাসন জারি করে যে বোকামী করেছিলো, তার মেয়ে শেখ হাসিনা সেই ভুল করেনি। বরং কাগজে কলমে সবাইকে ঠিক রেখে এবং কঠোর নিয়ন্ত্রণের ভেতরে অন্যান্য দলগুলোকে টিকে থাকার অবকাশ দিয়ে অনানুষ্ঠানিকভাবেই সে বাংলাদেশে একদলীয় রাজত্ব প্রতিষ্ঠা করেছে।

২০১৪, ২০১৮ এবং ২০২৪ এই তিনটি নির্বাচনের মাধ্যমে সন্দেহাতীতভাবে এই সত্য প্রতিষ্ঠা হয়েছে যে বাংলাদেশে কোন দলীয় সরকারের অধীনে কোন সুষ্ঠ নির্বাচন বাস্তবায়ন হওয়া একটি অলীক কল্পনা মাত্র। এর আগে ফখরু-মইনুর ২০০৮ এর ষড়যন্ত্রনির্ভর সরকারের অধীনে নির্বাচনের ইতিহাস এ স্বাক্ষ্যও দেয় যে এমনকি তত্ত্বাবধায়ক সরকারের মতো একটি নিরপেক্ষতানির্ভর প্রকল্পকেও বাংলাদেশে বিনষ্ট করা খুব সহজ একটি কাজ। একাত্তরে স্বাধীনতা লাভের পরবর্তী ৫২ বছরের ইতিহাস এবং একানব্বই এ স্বৈরাচার পতনের পর থেকে গণতান্ত্রিক ব্যবস্থার ৩২ বছরের ইতিহাস, দুই স্তরের এ অভিজ্ঞতার ভিত্তিতে এই দেশে শীঘ্রই কোন গণতান্ত্রিক ব্যবস্থার প্রচলনকে বোকামীর আশাবাদ হিসেবে সাব্যস্ত করা যায়। বরং দৃঢ়তার সাথে অনুমান করা যায় বাংলাদেশের মানুষ বৃটিশ গোলামী থেকে পাকিস্তানের গোলামীর পর এখন নিজেদেরই বংশোদ্ভুত একটি শ্রেণীর গোলামী স্তরে প্রবেশ করেছে এবং জীবন কাটাচ্ছে। এই দেশে সত্যিকার গণতান্ত্রিক ব্যবস্থার প্রচলন ও অধিকারনির্ভর রিপাবলিকের প্রতিষ্ঠা এখনো দূর-কল্পনা।

১৯৭১ এর আগে বর্তমান বাংলাদেশ রাষ্ট্র হিসেবে যে দেশের একটি অংশ ছিলো, সেই পাকিস্তানে ঠিক এক মাস পরেই ৮ ফেব্রুয়ারী ২০২৪ তারিখে জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হয়। এটি ছিলো পাকিস্তানের ষোলতম জাতীয় নির্বাচন। বাংলাদেশের ঠিক উল্টো ঘটনা ঘটেছে নির্বাচনের ঘটনায়, তবে পরিণতি ঘটেছে একই। পাকিস্তানের নির্বাচনে সাধারণ মানুষ বিপুল জনস্রোতে ভোটকেন্দ্রে গিয়েছে এবং ভোট দিয়েছে। ক্ষমতাচ্যুত ও কারাবন্দী প্রাক্তন প্রধানমন্ত্রী ইমরান খানের নেতৃত্বাধীন দল পাকিস্তান তেহরিক-ই-ইনসাফ বা পিটিআইকে নির্বাচনে অংশ নেয়ার সুযোগ দেয়া না হলেও সে দলের নেতারা স্বতন্ত্র প্রার্থী হিসেবে পুরো দেশের বিপুল বিজয় পেয়েছে। কিন্তু পাকিস্তান রাষ্ট্রটির মূল ক্ষমতাধর মালিক শক্তি সে দেশের সামরিক বাহিনী যেহেতু ইমরান খানের রাজনৈতিক দলকে রুখে দিতে বদ্ধপরিকর, সুতরাং নির্বাচন অনুষ্ঠানের পর আড়াই সপ্তাহেরও বেশি সময় অতিবাহিত হলেও এখনো দেশটিতে কোন সরকার গঠিত হয়নি। যে কোন মূল্যে এবং অজুহাতে কম ভোট পাওয়া নেওয়াজ শরীফের দল এবং বিলওয়াল ভুট্টোর দলকে মিলিয়ে কোয়ালিশন করে আর্মির পুতুল সরকার গঠনের চেষ্টা এখনো অব্যাহত রয়েছে। সুতরাং কোন বাহুল্য ছাড়াই বলা যায়, পাকিস্তানেও বাংলাদেশের মতো নির্বাচন একটি বাহানা ও আনুষ্ঠানিকতা মাত্র। জনগণের ইচ্ছার মূল্য এখানে কোন ধর্তব্য বিষয় নয়, বরং স্থানীয় ও আন্তর্জাতিক কুশীলবদের ইচ্ছা ও পরিকল্পনা মতোই এ দুটি দেশে সরকার গঠিত হয়।

বাংলাদেশ ও পাকিস্তান দুটি দেশেরই প্রতিবেশী দেশ ভারতের অবস্থা এ ক্ষেত্রে কিছুটা ভিন্নরকম। চলতি বছরেরই এপ্রিল-মে মাসে ভারতের জাতীয় সংসদ বা লোকসভার আঠারোতম নির্বাচন অনুষ্ঠিত হওয়ার কথা। বিগত দুই দফায় ভারতে ক্ষমতাসীন হয়েছে গুজরাতের কসাই হিসেবে কুখ্যাত নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন উগ্র হিন্দুত্ববাদী দল বিজেপি বা ভারতীয় জনতা পার্টি। ভারতের নির্বাচন ব্যবস্থাও সবমিলে প্রশ্নবিদ্ধ। সারা দেশে নির্বাচনী সহিংসতা এবং নানা উপায়ে নির্বাচনকে নিয়ন্ত্রণ করার চেষ্টা ভারতের দীর্ঘদিনের ঐতিহ্য। তার সাথে যোগ হয়েছে মোদীর পরিচালিত এবং সুপরিকল্পিত জাতিগত উগ্রপন্থা। এ কথা স্বীকার করতেই হবে যে ভারতের বেশিরভাগ মানুষ নানা হতাশা, পশ্চাতপদতা ও প্রচারণার সম্মিলিত ফলাফলে উগ্র হিন্দুত্ববাদকে তাদের পছন্দের রাজনৈতিক চিন্তা হিসেবে বেছে নিয়েছে।

সম্প্রতি মোদী অযোধ্যায় মুসলমানদের বাবরী মসজিদ ধ্বংস করে সে জায়গায় নির্মিত রামমন্দির উদ্বোধন করেছে। ভারতজুড়ে এখন ঘটছে প্রাচীন মসজিদ দখল করে মন্দির বানানোর পরিকল্পিত সব ঘটনাবলী। গরুর গোশত রাখার অপরাধে গণপিটুনি, বাড়িঘর দখল ও বুলডোজার দিয়ে ধ্বংস, ভোটার তালিকা থেকে মুসলমানদেরকে বাদ দেয়া ইত্যাদি নানা পরিকল্পিত ঘটনার স্তরের পর স্তর পেরিয়ে এখন চলছে মসজিদ দখলের হিড়িক। একটি গণতান্ত্রিক ব্যবস্থায় যেখানে সকল মানুষের অধিকার নিশ্চিত হওয়ার কথা, ভারতে সেই গণতন্ত্রকে ব্যবহার করে বরং একটি জাতিগত নিধনযজ্ঞের দিকে দেশটিকে নিয়ে যাওয়া হচ্ছে।

নরেন্দ্র মোদীর নির্বাচনী বিজয়গুলোকে এক্ষেত্রে ১৯৩৩ সালের জার্মানিতে হিটলারের বিপুল জনপ্রিয়তা এবং বিজয়ের সাথেই যথার্থভাবে তুলনা করা যায়। আগামী কয়েকমাস পরেই ভারতে যে নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে তার ফলাফল দেখে বুঝা যাবে রাষ্ট্র হিসেবে তারা কোনদিকে যেতে চাচ্ছে। তবে এখন পর্যন্ত যে নমুনা দেখা যাচ্ছে তাতে আশাবাদী হওয়ার কোন সুযোগ নেই।

দক্ষিণ এশীয় উপমহাদেশের এ তিনটি দেশের নির্বাচন অনুষ্ঠান ও চলতি রাজনীতিতে শক্তিশালী বিরোধী রাজনৈতিক দলের অনুপস্থিতিও একটি সাধারণ বিষয়। দীর্ঘদিনের রাজনৈতিক সংস্কৃতিতে এই দেশগুলোতে কোন ন্যায়নির্ভর ও অধিকারনির্ভর রাজনৈতিক দল ও সংস্কৃতি গড়ে উঠেনি। বরং পারিবারিক বা বংশীয় নেতৃত্বের লেজুরবৃত্তি অথবা কল্পিত শত্রুর বিরুদ্ধে ঘৃণাবাদ-নির্ভর শক্তি চর্চা এই দেশগুলোতে এখনো রাজনীতির মূল জায়গাগুলো দখল করে রয়েছে। সবমিলে বলা যায়, সাধারণ মানুষের অধিকার বাস্তবায়নের উদ্দেশ্য নিয়ে যে রাজনীতিকে গণতন্ত্রের মূল উদ্দেশ্য হিসেবে বিবেচনা করা হয়, সেই গণতান্ত্রিক গন্তব্যে পৌছতে এই দেশগুলোকে এখনো অনেক পথ পাড়ি দিতে হবে।


AUS BEST
MECHANICAL & TYRE SERVICES
0404 365 172
স্থান পরিবর্তন
Relocated
Bashit: 0404 365 172
BATTERIES
BRAKES
CLUTCHES
FULL ENGINE SERVICES
PINK SLIPS
RADIATORS
TYRES
ROTATE & BALANCE TYRES
WHEEL ALIGNMENT
খোশ আমদেদ
মাহে রমজান
Contact: 0404 365 172
442 Punchbowl Rd, Belmore (Inside Metro Patrol Station)
Suprovat Sydney
Copy Right Protected


DARWICH BUTCHERY
দারউইচ কোয়ালিটি মিটস
Darwich Quality Meats
We are specalized In Akika, Sadaqa Qurbani
Our Chicken, Lamb, Goat, Beef all hand Slaughtered.
রেষ্টুরেন্ট ও ক্যাটারিং এর জন্য স্পেসাল প্রাইজ
Goat $300
Lamb $270
Beef $350
Whole lamb 6 way cut $210
DARWICH BUTCHERY
حلال
تتقدم ملحمة درويش من أبناء الجالية
العربية والإسلامية خاصة بأحر التهاني
بمناسبة حلول عيد الأضحى المبارك
أعاده الله عليكم باليمن والبركات
Custer parking available at rear via Gillies Lane.
We cater for all occasions.
We specialise in Akika, Sadaqa and Qurbani.
Free local delivery for all orders over $60.00
حلال
HALAL
Certified
Phone Number: 9759 2603
শীঘ্রই যোগাযোগ করুন ঃ
New time table for our Business:
Monday to Saturday 07:00 AM-09:00 PM
Sunday 07:00-05:00 PM
Mohamed: 0414 687 786, A.C.N: 251 22 168 996 Tel: 02 9759 2603
Address: 77 Haldon St, (Opposite Commonwealth Bank) Lakemba, NSW 2195
HAPPY RAMADAN
2 KG Beef Curry $17
2 KG Lamb/Goat Curry $ 25
Suprovat Sydney Copy Right Protected
3 Chicken (size 9-10) $15
5 KG Nuggets/Burger $50

সুপ্রভাত সিডনি
The Leading Australian Bangladesh Monthly Community Newspaper | সত্যের সাথে সব সময়

# লাইট হাউস ও ব্লো হোল

শামসুল ইসলাম টুকু



দ্বীপ দেশ অষ্ট্রেলিয়া মুলত একটি মহাদেশ। যার আয়তন ৭৬লাখ ৮২হাজার ৩০০বঃকিঃমিঃ। চারিদিকে অথৈ সমুদ্রে ঘেরা এই মহাদেশ। বিভিন্ন দেশের সাথে বানিজ্যিক সম্পর্ক থাকায় বিভিন্ন পন্য আমদানী রপ্তানীর জন্য অষ্ট্রেলিয়ার নৌ বন্দরগুলোতে পানির জাহাজ চলাচল করে বহুকাল থেকে। আজকের এই পানির জাহাজ বা যান্ত্রিক নৌযান এক সময়ে ছিল পালতোলা বড় নৌকা। ১৬০৬ সালে পর্তুগিজ নাবিক উইলিয়াম জেন্স জুন এই নৌকায় করেই প্রথম অষ্ট্রেলিয়ার পশ্চিম তীরে এসেছিলেন। কিন্তু ওই অঞ্চলের রূক্ষ ভুপ্রকৃতি তাকে হতাশ করে। কিন্তু ওই ভূপ্রকৃতি যে হিরা চুনি পান্নায় ভরা তা বুঝতে পারেননি এবং ফিরে যান। এর ১৬৪ বছর পরে ১৭৭০ সালে বৃটিশ নাবিক জেমস কুক অষ্ট্রেলিয়া এসেছিলেন অষ্ট্রেলিয়ার পুর্ব উপকুলে। যেখানে তিনি সবুজের সন্ধান পেয়েছিলেন এবং সম্ভাব্য বৃটিশ কলোনির জন্য চিহ্নিত করে ফিরে যান। এর ১৮ বছর পর ১৭৮৮ সালে পরিকল্পিতভাবেই বৃটিশ সরকার ক্যাপ্টেন আর্থার ফিলিপকে অষ্ট্রেলিয়া পাঠায়। আর তিনিই প্রথম অষ্ট্রেলিয়ায় বৃটিশ কলোনীর পতাকা স্থাপন করেন ও অষ্ট্রেলিয়ার দখলিস্বত্ব ঘোষনা করেন। সে সময় বৃটিশ, পর্তুগিজ, ওলন্দাজ, ফরাসিরা পৃথিবীর বিভিন্ন দেশে তাদের সাম্রাজ্য বিস্তার করেছিল। তবে সে ইতিহাস মোটেও সহজ সরল ছিলনা। ছিল নিষ্ঠুর ও প্রানঘাতি। এজন্য তাদের ঝুঁকি নিয়ে হাজার হাজার মাইল ভয়ঙ্কর উত্তাল সমুদ্র পাড়ি দিতে হয়েছে পালতোলা নৌকায়। জীবন দিতে হয়েছে অসংখ্য মানুষকে। কিন্তু তাদের দেশ দখলের দুর্দমনীয় ইচ্ছা এবং প্রচন্ড দুঃসাহস তাদের সফল করেছিল। এক্ষেত্রে সবচেয়ে বেশী সফল হয়েছিল বৃটিশরা। আর এজন্য এক সময় বলা হতো বৃটিশ সাম্রাজ্যের কখনো সুর্য অস্ত যায়না।

যাইহোক উল্লেখিত এসব সাম্রাজ্য বিস্তারকারী ব্যাবসায়ীরা কালক্রমে ওই পালতোলা নৌকাকে যন্ত্র চালিত পানির জাহাজে পরিনত করে। তারও আগে ঐ পালতোলা নৌকার নিরাপদ যাত্রার জন্য তথা যাত্রাপথের নিশানা নিশ্চিত করার জন্য সমুদ্র উপকুলে লাইট হাউস নির্মান করে। খ্রীষ্টপুর্ব ৩০০ অব্দে অর্থাৎ যীশু খ্রীষ্টের জীবনকাল বা বয়সটা বাদ দিলেওআজ থাকে প্রায় ২৩২৩ বছর পুর্বে তৎকালীন বিখ্যাত ব্যাবসা কেন্দ্র মিশরের আলেকজান্দ্রিয়ায় নির্মিত হয় বিশালাকার লাইটহাউস। মিশরের সন্নিকটে ভুমধ্যসাগরে অবস্থিত ফ্যারো দ্বীপে প্রায় ১০০ মিটার উঁচু ও বিশাল লাইটহাউসটি নির্মান করা হয়। মহান আলেকজাণ্ডারের মৃত্যুর পর এর নির্মান কাজ শুরু করেন রোমান সম্রাট প্রথম টলেমি এবং শেষ করেন তার ছেলে দ্বিতীয় টলেমি। সময় লেগেছিল প্রায় ১৮ বছর। কঠিন পাথর কেটে সম্পুর্ন মনুষ্য শ্রমে নির্মিত এই লাইট হাউসটি সে সময় প্রাচীন পৃথিবীর সপ্তমাশ্চার্যের একটি ছিল বলে জানা যায়। প্রায় ১০০ মাইল দূর থেকে এটি দৃষ্টিগোচর হয়। যা ভুমধ্যসাগরের চলমান বানিজ্যিক জাহাজগুলোকে পথ নির্দেশ করে। বন্দর থেকে নিরাপদে নৌযানগুলোকে প্রবেশ ও বের হতে সাহায্য করে। এরই অনুকরনে বৃটিশরা অষ্ট্রেলিয়ার চারিদিকে সমুদ্র উপকুলের প্রায় ৩৬ হাজার ৭৩৫ কিঃমিঃ জুড়ে প্রায় ২০০ বছরে ৩৫০টি লাইটহাউস নির্মান করে। যা রাতের অষ্ট্রেলিয়া উপকুলকে আলোকিত করে। সমুদ্রপৃষ্ঠ থেকে এই লাইটহাউসের আলো যেমন রহস্যময় মনে হয় তেমনি প্রশান্ত মহাসাগরের পথভোলা নাবিকদের মনে আশা জাগায়। নাবিকদের সমুদ্রপথে চলাচলের জন্য এ লাইটহাউসগুলো খুবই গুরুত্বপুর্ন সঙ্কেত। অষ্ট্রেলিয়া বেড়াতে গিয়ে এমন লাইটহাউস অনেকগুলো দেখেছি। সবগুলোই বেশ দর্শনীয় এবং মাথা উঁচু করে দাঁড়িয়ে আছে। অষ্ট্রেলিয়া সরকার এগুলোর যথার্থই রক্ষনাবেক্ষন করে বলে কোনোটাই পুরনো বলে মনে হয়নি। বরং মনে হয়েছে সদ্য নির্মিত। অষ্ট্রেলিয়ার দক্ষিন উপকুলে এ লাইটহাউসের সংখ্যা খুবই কম। কারন ওইদিকে কোনো দেশ নাই। এ লাইটহাউসগুলোর কোনো কোনোটি অষ্ট্রেলিয়ার দর্শনীয় স্থান হিসেবে বিবেচিত।



কিয়ামা ব্লো হোল "ব্লো হোল" অর্থ ঘুষি, ধাক্কা বা আঘাত এর গর্ত বা গহবর। কথাটা সত্যই। তবে সেই ঘুষি বা আঘাত মানুষের নয়, পানির। পাথরের গর্তে সমুদ্রের পানির প্রচন্ড আঘাত বা ধাক্কা। অষ্ট্রেলিয়ার অসংখ্য আকর্ষনীয় ও দর্শনীয় স্থানের মধ্যে কিয়ামা ব্লো হোল খুব কম আকর্ষনীয় কিন্তু ব্যাপকভাবে দর্শনীয়। অষ্ট্রেলিয়ার নর্থ সাউথ ওয়েলস রাজ্যের ওলনগং এ এই ব্লো হোল অবস্থিত। এর দুপাশে রয়েছে বেশ কিছু সমুদ্র সৈকত বা সীবীচ আর প্রতিটি সীবীচে রয়েছে পিকনিক করার সকল সূযোগ সুবিধা। অষ্ট্রেলিয়া সরকার দেশের নাগরিকদের এবং পর্যটকদের জন্য আনন্দের ব্যাবস্থা করে রেখেছে।

বন্ধু কন্যা অষ্ট্রেলিয়া প্রবাসী পারভিনের পরিবার ও আমার ছেলের পরিবারে আমরা স্বামী স্ত্রী সহ ৯ জন পিকনিক করা সহ ব্লো হোল পরিদর্শনের জন্য প্রস্তুতি নিলাম। তবে পরিদর্শন স্থলে রান্নাবান্নায় সময় নষ্ট না করার জন্য দুই পরিবার পরিকল্পনা অনুযায়ী বাড়ীতেই রান্না করে নির্দিষ্ট দিনে দুটি গাড়ীতে করে রওয়ানা দিলাম ক্যাম্বেল টাউনের মিণ্টো ও ইঙ্গেলবার্ন সাবআর্ব থেকে। এখান থেকে দুরত্ব প্রায় ৫৬ কিঃমিঃ। সময় লাগবে প্রায় সোয়া ১ ঘন্টা এবং যেতে হবে গড়ে ওঠা নতুন শহর আপ্পিন এর মধ্য দিয়ে। পরিষ্কার পরিচ্ছন্ন ও মসৃন রাস্তা। কোথাও কোনো দুলুনি ঝাকুনি নেই বাংলাদেশের রাস্তার মত। বেশ আরামেই যাচ্ছিলাম এই বৃদ্ধ বয়সে। ব্লো হোল পৌছানোর কয়েক কিঃমিঃ আগে দেখতে পেলাম অভুতপুর্ব দৃশ্য। সমুদ্র আর পাহাড়ের মিলন। একদিকে অথৈ প্রশান্ত মহাসাগর আর তার পাশেই বিশাল উঁচু পাথুরে পাহাড়। শুধু মাঝখান দিয়ে পাহাড় কেটে তৈরী করা একটি চিকন রাস্তা। এমনই পাহাড়ের উঁচুতে এক স্থানে দেখলাম একেবারে সমুদ্রের পাশে মাত্র ২০০ থেকে ২৫০ বর্গ গজ জায়গায় অষ্ট্রেলিয়া সরকার পর্যটকদের জন্য সমুদ্র দেখার একটি ক্ষুদ্র স্পট করে রেখেছে। সেখানে গাড়ী দুটি পার্কিং করে প্রানভরে দেখলাম প্রশান্ত মহাসাগরের বিশাল নীল জলরাশী, ছবি তুললাম, পারভিনের তৈরী করা নাস্তা খেলাম সবাই। এরপর রওয়ানা দিলাম গন্তব্যের দিকে। কয়েকমিনিটের মধ্যে দেখলাম আমাদের গাড়ী সহ বেশকিছু গাড়ী পাহাড় থেকে নিচের দিকে নামছে আর রোদের ছটায় প্রতিটি গাড়ীর গ্লাসগুলো বিদ্যুতের মত চমক দিচ্ছে। দৃশ্যটি নিঃসন্দেহে উপভোগ্য ছিল। নিচে নেমে কিছুক্ষনের মধ্যেই আমরা একটি ছোট সীবীচে পৌছলাম। গাড়ী থেকে নেমে সীবীচটা দেখলাম। সুন্দর বালুকাময় বেলাভুমি নিয়ে একাকী দাঁড়িয়ে আছে। এক মহিলাকে দেখলাম ঐ বেলাভুমিতে শুয়ে রোদ পোহাচ্ছে আর তার পাশেই দুটি শিশু ভেজা বালু খুড়ে পানি বের করছে। এছাড়া কোনো দর্শনার্থীকে দেখলামনা। এরপর পথের পাশে আরো দুটি সীবীচ দেখে পৌছে গেলাম ব্লো হোল পাহাড়ে। দেখলাম রঙ বেরঙের অসংখ্য দর্শনার্থী। ব্লো হোলের পাশেই দাঁড়িয়ে আছে সুন্দর ও সুউচ্চ একটি লাইট হাউস। দ্রুত ছুটে যাচ্ছি ব্লো হোলের দিকে আর শুনতে পাচ্ছি ছটাৎ ছটাৎ শব্দ। কাছে গিয়ে দেখলাম প্রকৃতির এক অপার সৃষ্টি। কুয়ার মত একটি পাথুরে গর্তের তলদেশ দিয়ে সমুদ্রের পানি প্রবেশ করছে অনবরত। যখন পানির চাপ বৃদ্ধি পাচ্ছে তখন ছটাৎ শব্দে এলাকাটি প্রকম্পিত করছে এবং কুয়ার পানি চারিদিকে ছড়িয়ে পড়ছে ও কোনো কোনো সময়ে দর্শকদের ভিজিয়ে দিচ্ছে। কত যুগ ধরে প্রকৃতির এই গতি অব্যাহত আছে তা বলা যায়না। তবে অষ্ট্রেলিয়া সরকার ঐ কুয়া ও পানি প্রবাশের স্থানটিকে দর্শকদের দেখার উপযোগি করে গড়ে তুলেছে। বিকেল ৫টা পর্যন্ত দর্শকরা আসছে, প্রকৃতির এই লীলা দেখছে, ছবি তুলছে। খাওয়াদাওয়া করছে, প্রেমিক প্রেমিকারা দুরে বসে চুম্বন করছে। আমরাও দুপুরে খেয়ে নিলাম। পারভিন তার ব্যাটারী চালিত চুলায় খাবার গুলো গরম করে দিলো আর খাদিজা পরিবেশন করলো এরপর আমি আবার ব্লো হোলের কাছে রেলিং এর একপাশে দাঁড়িয়ে আমার মোবাইলে সংরক্ষিত হেমন্ত মুখোপধ্যায় এর গান জুড়ে দিলাম বেশ সাউন্ড দিয়ে। লক্ষ্য হলো কোনো বাঙ্গালী, হোক সে বাংলাদেশের বা পশ্চিমবঙ্গের বা অষ্ট্রেলিয়া প্রবাসী বাঙ্গালী আকৃষ্ট হয় কি না। কিছুক্ষনের মধ্যে দুটি প্রবাসী বাংলাদেশি পরিবার এগিয়ে এলেন। কথা হলো, পরিচয় হলো। বললেন কাজের ব্যস্ততায় এসব গান শোনা হয়না। দুঃখের কথা বলে রাখি, এসব প্রবাসী বাঙ্গালীদের পরবর্তী প্রজন্ম কেউই আব্দুল জাব্বার, ফেরদৌসী বেগম, ফিরোজা বেগম, আব্দুল আলিম, সাবিনা ইয়াসমিন, আব্দুল হাদী, হেমন্ত মুখোপধ্যায়, মান্নাদে, লতা মুঙ্গেস্কার, সতি নাথ, তালাত মাহমুদ, শ্যামল মিত্রের নামই শোনেনি। একসময় এরা বাঙ্গালী সংস্কৃতি হারিয়ে ফেলবে। সে না হতে পারবে অষ্ট্রেলিয়ান না হতে পারবে বাঙ্গালী। থাকবেনা তাদের অতীত ইতিহাস, ঐতিহ্য, ভাষাগত পরিচয়, ধর্মীয় পরিচয়, আদিত্ব, মৌলিকত্ব। যে কোনো বিচারেই তা হবে ভীষন পীড়াদায়ক।

# কন্যা, জায়া ও জননী

এস, এম, কামাল হোসেন, ফ্লোরিডা, যুক্তরাষ্ট্র

সৃষ্টিকর্তা নারীর মধ্যে একটি ম্যাজিক দিয়েছেন। এটা প্রবলভাবে পুরুষ জাতিকে আকর্ষন করে। তাদের সাথে সময় কাটাতে অন্য রকম আনন্দের ছোঁয়া লাগে। মনে জান্নাতের সুখ অনুভূত হয়।

ছোটবেলায় বাবাকে হারিয়ে মায়ের কাছেই বড় হয়েছি। সুতরাং কারনে অকারনে তাকে কত যন্ত্রনা দিয়েছি, তার ইয়ত্তা নেই। তারপরেও মায়ের কাছে কত অভিযোগ! তিনি নিরবে সব সয়ে গেছেন। জায়নামাজে বসে সন্তানের জন্য দোয়া করেছেন। হয়ত সেই আশীর্বাদেই অজপাড়া গা থেকে উঠে এসে, দেশের সেরা কলেজ হয়ে, একদিন খোদ মার্কিন মুল্লুকের বিশ্ববিদ্যালয়ের গন্ডীও পার হতে পেরেছিলাম। অথচ আমার অধিকাংশ বাল্যবন্ধু এখনো সেই গ্রামেই পড়ে আছে। আমি রোজগার করতে শুরু করার পর, মাকে দু'বার কাছে পেয়েছিলাম। তার সাথে কাটানো প্রতিটি মূহুর্ত আমার জীবনের শ্রেষ্ঠ সময়। সারাদিন তাকে ডাক্তারের অফিসে, ক্লিনিকে অথবা ল্যাবে টেস্ট করানোর পর যখন বাসায় ফিরব, তখন মায়ের আব্দার, আইসক্রীম খাবে। শুনে আমার সে কি আনন্দ! ইচ্ছে হচ্ছিল, তার পছন্দের বিভিন্ন ফ্লেবারের সকল আইসক্রীম সুপার শপ থেকে সব তুলে নিয়ে আসি। আমার ছোট্ট ভাতিজিরও আইসক্রীমের শখ। আহা, গ্রীষ্মের ভর দুপুরে, দাদি ও নাতনী একসাথে আইসক্রীম খাচ্ছে, আর আমি প্রাণভরে উপভোগ করছি। সবসময় মায়ের পায়ের কাছে বসে থাকতে ইচ্ছে হতো। রাতে তাকে খাটে শুইয়ে আমি ফ্লোরে ঘুমাতাম। কি জানি, তার কখন কি দরকার হয়। তারপর একসময় সামার শেষ হয়ে গেলো, সাথে হারিয়ে গেলো মায়ের প্রিয় আম। তিনিও টায়ার্ড, বিদেশ বিভুইয়ে। শত চেষ্টা করেও তাকে আর নিউইয়র্ক অথবা মায়ামীর মতো পরম আকর্ষনীয় শহরেও ধরে রাখা গেলো না। বাবার ভিটে, গ্রামের মাটি এবং মানুষ তার কাছে বেশি সুখ ও শান্তিদায়ক। বাধ্য হয়েই তাকে আল্লাহর ঘর ঘুরিয়ে অবশেষে নিজ গ্রামে রেখে আসতে হয়েছে। সেটাই ছিলো তার শেষ বিদায়। আর কোনদিনই তিনি আমার ছোট্ট ঘরে আনন্দের বন্যা নিয়ে আসবেন না। তবে যার কাছে আছেন, সেই প্রভু দয়াময়, তিনি নিশ্চয়ই মাকে আরও যত্নে রাখবেন, এই বিশ্বাস করি।

আমার দু'কন্যা। আর দশজন কর্মজীবী বাবা মায়ের মতো, আমার মেয়েরাও স্কুলের বাইরে সময় কাটিয়েছে বেবি সীটার, ডে কেয়ার আর আফটার কেয়ার প্রোগ্রামে। তাদের জন্য হয়ত অনেক টাকা খরচ করতে পেরেছি, কিন্তু পর্যাপ্ত সময় দিতে পারি নি। অনেক সময় মনে হয়েছে, অর্থ আর ক্যারিয়ারের কাছে আমরা ভালোবাসা কোরবানী দিয়েছি। এটাই হয়ত অধুনা জীবন।

তিনি মনে করেন, সকলের সহযোগিতায় তার এই স্বপ্ন বাস্তবায়ন সম্ভব। তাই তিনি, বিশ্বের বাংলাদেশীসহ বহুজাতিক ভাষাভাষী পিতা-মাতা কে ব্যাঙ্ক অফ আইডিয়াস এর ফ্রী কর্মশালায় অংশগ্রহণ করে, নিজের সন্তানকে মায়ের ভাষা শেখার প্রতি অনুপ্রাণিত করে মায়ের ভাষা রক্ষায় অগ্রণী ভূমিকা পালন করতে আমন্ত্রণ জানানো হচ্ছে। এছাড়া বিভিন্ন প্রবাসি সামাজিক প্রতিষ্ঠান, গ্রুপ ও কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিদের অনলাইনে ফ্রি কর্মশালায় অংশগ্রহণ করার জন্য বিশেষভাবে আমন্ত্রণ জানাচ্ছেন।কারণ সাধারণত দেখা যায় বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠান ও গ্রুপগুলো তাদের মেম্বারদের জন্য বিভিন্ন রকম বিনোদনধর্মী আয়োজন করে থাকে। সুতরাং প্রতিষ্ঠানগুলি মায়ের ভাষা রক্ষায় ব্যাঙ্ক অফ আইডিয়াসের সাথে একাত্ম হয়ে মায়ের ভাষা রক্ষায় অবদান রাখতে সক্ষম হবেন।

*বিশ্বের যেকোনো প্রান্ত থেকে অনলাইনে এই ফ্রী কর্মশালায় অংশগ্রহণ করতে,ইমেইল করুন : bankofideasuk@gmail.com অস্ট্রেলিয়া থেকে প্রকাশিত একমাত্র বাংলাদেশী পত্রিকা সুপ্রভাত সিডনি ও সকল বাংলাদেশিদের পক্ষ থেকে তানজিলা জামানের জন্য রইল অনেক শুভ কামনা।*


Need Tax Return?
Accounting & Tax should not be so difficult, visit us and see how we can make the difference...
TAX TIME AHEAD
QUALITY SERVICE ASSURED AT LOWEST PRICE
FREE TAX RETURN ASSESSMENT
Taxation Solutions Partnership / Individuals / Company / Trust / Superfund
Business development and management Bookkeeping & Many more
CHARTERED ACCOUNTANTS AUSTRALIA + NEW ZEALAND
bfsPARTNERS
SIMPLIFYING ACCOUNTING
OUR PARTNERS
Zaber Ahamed
Chartered Accountant
Registered Tax Agent
Registered SMSF Auditor
Justice of Peace in NSW
Tanvir Hasan
Chartered Accountant
Registered Tax Agent
Justice of Peace in NSW
Find us on Facebook
Level 5, 189 Kent Street Sydney 2000
www.bfspartners.com.au

# ল্যাকেম্বা নিয়ে বিশেষ পদক্ষেপ




সুপ্রভাত সিডনি রিপোর্ট

সিডনির ল্যাকেম্বা একটি ব্যস্ত নগরী। মানুষ দূর দূরান্ত থেকে বাজার করা ছাড়াও হালাল রেস্তরা,মসজিদ বা একনজর ঘুরে দেখার জন্য আসেন। সপ্তাহান্তে বা সপ্তাহের শুরুতে বলে কোনো কথা নেই, সপ্তাহের যে কোন দিনই একই রকম প্রায় ব্যস্ত। বিভিন্ন দেশের, বিভিন্ন ভাষাভাষী, বিভিন্ন বর্ণের, বিভিন্ন জাতের লোকের সমারহ এ এলাকায়। তবে মুসলমানের আধিক্য থাকায় ল্যাকেম্বায় মসজিদ ও মুসল্লার সংখ্যাও অস্ট্রেলিয়ার যেকোন জায়গা থেকে একটু বেশি।

সুপ্রভাত সিডনি ল্যাকেম্বার বিভিন্ন উন্নয়ন কর্মকান্ডে বিগত প্রায় ১৫ বছর নিরলস কাজ করে যাচ্ছে। সরাসরি কাউন্সিলের মেয়র, স্টেট বা ফেডারেল এমপিদেরকে বিভিন্ন সময়ে বিভিন্ন উন্নয়নের জন্য প্রস্তাব করে সফল হয়েছে।

এরই ফলশ্রুতিতে তিনটি বিশেষ প্রস্তাব রাখা হয় কাউন্সিল বরাবর। প্রথম প্রস্তাব রাখা হয়, ল্যাকেম্বা উলওয়ার্থ থেকে ল্যাকেম্বা মুসল্লা পর্যন্ত স্পীড হাম্প প্রয়োজন। মুসল্লার সামনের জেব্রা ক্রসিংয়ে প্রায় দুর্ঘটনা ঘটে। স্থানীয় অনেকে এ দুর্ঘটনার কবলে পড়েছেন, এমনকি ছোট ছোট ছেলে মেয়ে ও এ দুর্ঘটনার কবলে পড়েছেন। এ রিপোর্ট লেখা পর্যন্ত -অবশেষে কাউন্সিল সরজমিনে তদন্ত করে একটি স্পীড হাম্প তৈরী করছে ।

দ্বিতীয় প্রস্তাব ছিল, সমগ্র হেলডন স্ট্রিরট অর্থাৎ উলওয়ার্থ থেকে শুরু করে ক্যান্টারবুরি রোড পর্যন্ত শুক্রবার দুপুর ১২ টা থেকে শুরু করে দুপুর ২টা পর্যন্ত রাস্তা বন্ধ করতে হবে। সম্মিলিতভাবে জুম্মার নামাজ আদায় করতে এ রাস্তা বন্ধের আবেদন।

তৃতীয় প্রস্তাব, ল্যাকেম্বার মসজিদ ও এবং মুসাল্লাগুলোতে মাইকে ৫ বেলা আজান দেবার অনুমতি। ২৪ ঘন্টায় মাত্র ১০ মিনিট যাবে ৫ ওয়াক্ত নামাজের আজানের জন্য। আমেরিকা, কানাডা, ইংলেন্ডের মতো দেশে লাউড স্পিকারে আজান হচ্ছে ৫ ওয়াক্ত। অস্ট্রেলিয়ায় হতে আপত্তি কেন ? আমরা আইন মেনে, সরকারের টেক্স দিয়ে অস্ট্রেলিয়াতে দীর্ঘদিন অস্ট্রেলিয়ার সিটিজেন হিসেবে সকল ধর্মের মানুষের সাথে সহবস্থান করছি। বিভিন্ন বর্ণবাদী দেশের মতো অস্ট্রিয়াতে সে ধরনের তেমন কোনো সমস্যা নেই। কিন্ত যে সমস্ত দেশে প্রকাশ্যে বর্ণবাদী কর্মকান্ড বিদ্যমান, সে সমস্ত দেশেই আজান হচ্ছে লাউড স্পিকারে। অস্ট্রেলিয়াতে নয় কেন? কে নেবে এ উদ্যোগ ? আমরা কি কখনো ভেবেছি এ ধরনের প্রস্তাব ? কে কবে কখন প্রস্তাব করেছেন ? না করে থাকলে এ রিপোর্ট আপনার জন্য রিমাইন্ডার হিসেবে কাজ করবে।

নির্বাচনের সময় লোক দেখানো কিছু কর্মকান্ড হাতে নিলেই দায়িত্ব শেষ নয়, কমিউনিটির কাজ করতে চাইলে গোটা বছরই করা যায় নীরবে বা প্রকাশ্যে। বিভিন্ন এলাকায় আপনাদের জনহিতকর কর্মকান্ড আমাদেরকে ইমেইল করুন, আমরা তা যত্ন সহকারে ছাপার চেষ্টা করবো।

# NSW & Victoria Muslim leaders boycott Premier's Iftar 2024

Supróvat Sydney report.

Over 70 Muslim community organizations in NSW and Victoria have decided to boycott the Victorian premier's annual iftar dinner next month. This protest is in response to the Labor Party's stance on the Israel-Hamas conflict. The Islamic Council of Victoria, the state's peak Islamic body, has also declined the invitation. An open letter from a group of community members calls on Muslims to boycott the event, expressing dissatisfaction with the government's handling of the situation in Gaza. The Australian National Imams Council and the Islamic Council of Victoria have both announced that they will not attend the iftar dinners. The Islamic Council of Victoria had previously boycotted the event in 2017 over disagreements with then-Premier Daniel Andrews. The premier's office has confirmed that the iftar dinner will still take place, but they are committed to working with the community to improve respectfulness.

The iftar dinners have been held annually since 2015 during Ramadan and are attended by high-profile Muslim and non-Muslim community leaders and politicians. The Australian National Imams Council and the Islamic Council of Victoria have also declined to attend the annual events.

TAX I SMSF I BUSINESS ADVISORY I BUSINESS ACCOUNTING

ONE STOP SOLUTION FOR YOUR BUSINESS

LOOKING TO SET UP AN SMSF?

Call 02 8041 7359



GROW WITH US

- TAX AND GST
- SELF MANAGED SUPER FUND
- BUSINESS ACCOUNTING
- BUSINESS ADVISORY
- NEW BUSINESS DET UP
- ALL TYPES OF STATUTORY AND NON-STATUTORY REPORTING

GET
High Quality professional services with a competitive price!

Kinetic Partners
Kinetic Partners
Chartered Accountants
132 Haldon Street Lakemba, NSW 2195
E: info@kineticpartners.com.au, www.kineticpartners.com.au

# একুশ তুমি
## গোলাপ মাহমুদ সৌরভ

একুশ তুমি লাল কেন
রক্তজবার মতো,
একুশ তুমি নীল কেন
বেদনা মন ক্ষত।
একুশ তুমি কালোমেঘ
ফোঁটা ফোঁটা বৃষ্টি,
একুশ তুমি নীল আকাশ
চাঁদ তারার সৃষ্টি।
একুশ তুমি হলুদ গাঁদা
শীতের সরষে ফুল,
একুশ তুমি রক্তে ভাসা
পদ্মা নদীর কূল।
একুশ তুমি আলোর খুঁজে
মুক্ত পাখির নীড়,
একুশ তুমি শহীদ মিনারে
লক্ষ জনতার ভীড়।
একুশ তুমি ফুলে ফুলে
প্রজাপতির মেলা,
একুশ তুমি দূর আকাশে
লাটাই ঘুড়ি খেলা।
একুশ তুমি শিল্পীর কণ্ঠে
রক্তে রাঙানো গান,
একুশ তুমি ফিরে পাওয়া
বাংলা ভাষার পান।
একুশ তুমি বায়ান্ন ভাষার
বর্ণমালার সেই ছবি,
একুশ তুমি স্বাধীন বাংলার
আলো ভরা রবি।
একুশ তুমি কবির লেখা
গল্প কবিতা ছড়া,
একুশ তুমি পাঠ্য বইয়ের
বাংলা ভাষার পড়া।
একুশ তুমি হৃদয় মাঝে
তোমায় ভুলতে পারি!
একুশ তুমি মাতৃভাষার
অমর ফেব্রুয়ারি।

# দরবেশ- ২
## বিশ্বজিৎ মণ্ডল

আজও চাঁদগলা রাতে সেজে উঠি....
সোমত্ত চাঁদ সদাগর
তারপর মনসার তাড়নে তাড়নে ঘুমিয়ে দুঃস্বপ্নের ভেতর
কোথায় যুদ্ধের করতোয়া রং?
পারিজাত সকালে লক্ষীমন্ত বউ এসে দাঁড়ায়
আমাদের সুঠাম উঠোনে

অমনি পাশের করবী গাছে সেজে ওঠে, ফুল-পাখি
আর আমি দ্যাখো, শত অভাবের বাদামী পাহাড় ডিঙিয়ে
সেজে উঠি...প্রকৃত দরবেশ

# অন্তহীন ক্লেশ
## কনক কুমার প্রামানিক

অতলে বিস্মৃত স্মৃতি জেগে পুঞ্জীভূত হয়
বিভৎস স্বরূপে পদার্পণে জাগে মনে ভয়।
ঘুমহীন রক্তিম লোচনে প্রভঞ্জনের আভাস
তিক্ত হৃদয়ের অচেনা গলিপথে কষ্টের বাস।

দৈবাদেশেও মুক্তির স্বাদ সে অলীক কল্পনা
সীমাহীন যন্ত্রণা এঁকে যায় কষ্টের□আলপনা।
ছন্দহারা গদ্যময় জীবনে আঁধারের হাতছানি
কিঞ্চিৎ আলোক রশ্মিতেও মন্দের উস্কানি।

# ঊষা পাখি হব
## নূর মোহাম্মদ

আমি না হয় পাখি হব
মেলবো ডানা আকাশে,
যাবো উড়ে দূর গগনে
ইচ্ছে মত বাতাসে।

স্বাধীন হয়ে মুক্তভাবে
উড়বো গাছে গাছে,
মধুর সুরে গান গাইবো
রইবোনা আর পিছে।

স্বপ্ন উড়াই দেখবো ঘুরে
ফল ফলাদির বাগানে,
ভরিয়ে দিব গানে গানে
ফল্গুধারার যৌবনে।

মিষ্টি মধুর ঊষা হাসে
সেই প্রান্তে যাবো,
স্বাধ জেগেছে তাইতো আমার
ঊষা পাখি হবো।

# নষ্টতার চাষাবাদ
## এম এ ওয়াজেদ

অনেকদিন হলো পৃথিবীর আকাশে আলো দেখিনা
অন্ধকারের পথ বেয়ে
কানে ভেসে আসে ধ্বংসের চিৎকার
রক্তের উল্লাস আর্তনাদের ব্যথিত আহাজারি
হিংস্র হায়েনার মুখচ্ছবি।

অবৈধ যুদ্ধের উত্তপ্ত দহনে
পুড়ে যায় সভ্যতার বুনিয়াদি গন্তব্য
হিটলার মুসোলিনী স্ট্যালিনের অশুভ প্রেতাত্মা
সতত নৃত্যরত
শান্তিবাদের বিশুদ্ধ পাপড়িগুলো কাঁদছে আর
টেবিলের ফাইল ডাউনলোড করে অসভ্য বুনোহাঁস।

হঠাৎ বেখেয়ালে ভুল ডিভাইসে হাত দিয়ে
ইন্সটল করি সভ্যতার আমলনামা
ওপেন অপশন অন করি
দেখতে পাই বীভৎসতার রাশি রাশি অন্ধকার
পাশ দিয়ে দ্রুত বেগে হেঁটে যায় হর্ষোল্লাসিত ইবলিস।

সংগঠনের হাল খতিয়ান তালাশ করি
বিস্মিত হই আর ভাবতে থাকি
শোষণের পৃষ্ঠাগুলো কী অদ্ভুত ঢঙে সাজানো।

অনেক দিন ধরে হৃদয়ের ডেকচিতে
সূর্যের তাপগুলো জমা রেখেছি
নষ্টতার চাষাবাদ পোড়াব বলে।

# ঋতুরাজ বসন্ত
## মো. দিদারুল ইসলাম

শীতের আমেজ নিস্তেজ আজি
প্রকৃতি পায় প্রাণ,
ধানের ক্ষেতে পাখির মেলা
আনন্দে গায় গান।

গাছে গাছে নতুন পাতা
মাঠে সবুজ ঘাস,
ঋতু চক্রে বসন্তকাল
ফাল্গুন-চৈত্র মাস।

বসন্তের ঐ হাওয়া লেগে
দেহের ক্লান্তি দূর,
গায়ক পাখি কোকিল তোলে
কুহু কুহু সুর।

আম কাঁঠালের মুকুলের ঘ্রাণ
কাজে ব্যস্ত মউ,
প্রকৃতির রূপ নজর কাড়ে
যেন নতুন বউ।

শিমুল, পলাশ, কৃষ্ণচূড়া
ফোটে রঙিন ফুল,
সকল ঋতুর রাজা সে যে
বসন্তের নেই তুল।

# সত্যি বলছি
## আয়শা সাথী

সত্যি বলছি,
তোমার অসীম আত্মায়
যদি নিউক্লিয়াস পরিমান অনুভূতি জন্মায়
আমি তোমার রক্তে মিশে যেতাম।
তোমার চর্মাবৃত পাজরে এতটুকু ঠাঁই মিললে
জীবনান্দের কলম হয়ে খস খস করে লিখে দিতাম
এইখানে অন্য কারো প্রবেশ নিষেধ।

প্রতিমা হলে পূজারীর পূজার ফুল হতাম
সুখ শরণার্থী হলে
বিধ্বস্থ নগরীতে গড়তাম শান্তিধাম
বাবুই পাখির সুখ নীড় বুনতাম
তোমার মন মহীরুহে একটু জায়গা পেলে-ই।
বিশ্বাস করো,
তোমার বাঁ অলিন্দে একটু জায়গা পেলে
আমি রূদ্রের কলমে লিখে দিতাম ভালোবাসি।

তুমি থাকো আমার মাঝে
আমার ফুল হয়ে, ভুল হয়ে
আমার রোদ-ছাঁয়া, আলো-অন্ধকার হয়ে
আমার উম হয়ে, আমার ঘুম হয়ে
হয় যন্ত্রণা না হয় স্বস্তি হয়ে।
তুমি না হয় থাকো—
আমার আজন্মকালের আফসোস হয়ে!

সুখ না হয়ে তুমি আমার অসুখ হও
সত্যি বলছি,
প্রেম বিনে দ্বিতীয় কোন প্রতিষেধক খুঁজব না আর।

# রক্তক্ষয়ী বাংলা
## মুহিত ইসলাম

তখন আমি মায়ের গর্ভে রক্তের কণিকা গলিয়ে
কোটি শুকরানুকে□বিধস্ত করে শক্তি সঞ্চয় করতেছি।
মায়ে গর্ভবতী শরীর নিয়ে পথে নেমে যাচ্ছে-
ওরা রক্তের সাথে রক্তের খেলা শুরু করেছে।
মায়ের লাল নিশান কপালে বেঁধে এগিয়ে যাচ্ছে।
পিছনে যাচ্ছে - দিনমজুর, কুলি, কৃষক, ব্যবসায়ী ছাত্র
শিক্ষকসহ জনগণ। ঢাকার পথ কৃষ্ণচূড়া রঙে রূপ নিয়েছে।

আমি আস্তে আস্তে শক্তি সঞ্চয় করে, জমাটবদ্ধ হয়ে
নতুন মানচিত্রের কাছে পৌঁছালাম। মা একুশের শেষ প্রহরে
ছায়াবিহীন লাল শাড়ী পড়ে ভোরে খালি পায়ে পিচঢালা
কংক্রিটের রাস্তার উপর দিয়ে হেঁটে যাচ্ছে।
পিশাচের দল মায়ের বুকে কালো বুলেট মারলো।
সময়ের আগেই গর্ভ থেকে বের হয়ে আসলাম।
মায়ের তাজা রক্তে রঞ্জিত হলো পিচঢালা রাস্তা।
সেদিন বুকে সাহস নিয়ে ভাষার বুলি হয়। বাংলা।
একুশের নবযৌবন নাচিয়া উঠে আমরা বাঙালি।

# মায়ের ভাষা
## আসাদুজ্জামান খান মুকুল

যদিও আমি ভোরের পাখি
ঝর্ণা-গিরি নই,
আপন ছন্দে মায়ের ভাষায়
মনের কথা কই!

এই ভাষাতে কথা বলে
পাই যে পরম সুখ,
বাংলা আমার মাতৃভাষা
গর্বে ভরে বুক!

হৃদয়খানি উজাড় করে
তুলি গানের সুর,
বাঁশির সুরে মাতাল হয়ে
দুঃখ করি দূর।

মায়ের ভাষা রক্ষার তরে
করতে হলো রণ,
রক্তে ভেজা বর্ণমালা
আমার বুকের ধন!

ভাষার তরে দামাল দলে
দিলেন তাঁদের প্রাণ,
হটিয়ে শেষ পাকিস্তানি
রাখলো মায়ের মান।

# বর্ণমালার মিছিল ও কয়েকটা কৃষ্ণচূড়া ফুল
## রফিকুল নাজিম

জলপাইয়ের পাতা চুইয়ে পড়া রোদ্দুরের হাসি উপেক্ষা করে
নবীন কবিও সেইদিন নেমে এসেছিল রাজপথে।
রাতজেগে লেখা চিঠিটা বুক পকেটে রেখেই
ভীরু প্রেমিকটাও বীরদর্পে ভেঙেছিল রাজপথ,
বটতলার তুখোড় ছাত্রনেতাও বুক চিতিয়ে হেঁটেছিল পিচঢালা পথ
জিন্নাহ ও ইয়াহিয়ার মুখে লাথি মারতে মারতে
রাজপথে নেমে এসেছিল দুরন্ত এক কিশোর; মতিউর।
হবু বউয়ের জন্য লাল ফিতা, রেশমি চুড়ি, আলতার শিশি
বিয়ের সদাইপাতি দোকানে রেখেই সেইদিন
মিছিলে এসে শামিল হয়েছিল রফিক।
সেইদিন কালো বর্ণের প্রেসে তালা ঝুলিয়ে
ছাপাখানার কর্মীও এসেছিল রাজপথে।
ছাত্র-যুবা, মা হারা সন্তান, বাবার অবাধ্য ছেলে,
বাউন্ডুলে সেই যুবক, মহল্লার পাতি মস্তান
মসজিদের ঈমাম, মন্দিরের পুরোহিত, গির্জার পাদ্রি
একে একে সবাই ঘর ছেড়ে এসেছিল রাজপথে
ফাল্গুনের আগুনরঙা রাজপথে; বর্ণমালার মিছিলে।

ঈশ্বরের বর্ণপরিচয় হতে দীপ্ত পায়ে বর্ণগুলো নেমে এসেছিল মিছিলে
প্লেকার্ডে প্লেকার্ডে, শ্লোগানে শ্লোগানে প্রকম্পিত হয়েছিল গণপরিষদ; পাকিস্তান।
সেইদিন মিছিলের সম্মুখে এসে দাঁড়িয়েছিল বিষপোকার দল
বন্দুকের ট্রিগার চেপে ধরেছিল উর্দুর বেবাট পুলিশবাহিনী
আর সহাস্যে সটান শিড়দাড়ায় হাঁটছিল প্রিয়তম বর্ণমালা
কোলের শিশু মায়ের মলিন মুখ দেখে 'মাগো' বলে কেঁদেছিল
সেইদিনের শিশুও বর্ণমালার জন্য উন্মাদ হয়েছিল শাব্দিক প্রতিবাদে।

সেইদিন থ্রি নট থ্রি রাইফেলের ঠুসঠাস শব্দকে ছাড়িয়ে গিয়েছিল
বাঙালির 'মা-মাগো' ডাকের চিৎকার।
সেইদিন বুলেটবিদ্ধ বুক থেকে একফোঁটা রক্তও ঝরেনি
তবে রক্ত ঝরেছিল পলাশ শিমুলের বৃন্ত থেকে অথবা কৃষ্ণচূড়ার ডাল থেকে।
সেইদিন বর্ণমালার চিৎকারে ফুটেছিল বর্ণের ফুল,
সেই বর্ণমালা আজ ফুলে ফুলে সুবাসিত করছে পুরো বিশ্বকে,
সেই চেনা সুর বিশ্ব নিজের কণ্ঠে তুলছে; আ-মরি বাংলা ভাষা

# বইমেলায় যাব
## নার্গিস আক্তার

রিমি মিনি যাবে বইমেলায়
কিনবে তারা বই,
পাশের বাসার মিমি কাঁদছে
সে যাবে কই?

মিমির মনটা খুব খারাপ
নেই যে টাকা বাবার,
কেমনে যাবে বইয়ের মেলায়
হাত ধরে বাবার।

টাকা আছে যার আকাশ তার
টাকা নাই দুঃখ রয়,
অনেক সময় টাকা সুখ
আবার দুঃখ বয়।

# একুশ আমাদের অহংকার
## রেজাউল করিম রোমেল

ফেব্রুয়ারি এলেই মনে পড়ে
বায়ান্ন-র ভাষা আন্দোলনের কথা।
সেদিন এই বাংলা ভাষার জন্য
প্রাণ দিয়েছিল রফিক সালাম বরকত।
তাঁদের প্রাণের বিনিময়ে
আজ আমরা পেয়েছি
বাংলার ভাষার যোগ্য সম্মান।
যেসব নরপিশাচ আমাদের মায়ের ভাষাকে
চিরতরে মুছে দিতে চেয়েছিল,
পারিনি মুছে দিতে।
পারবে না কখনো...
একুশ আমাদের এগিয়ে যাওয়ার প্রেরণা।
একুশ আমাদের অহংকার...

# খণ্ডিত জীবনাঙ্ক
## তুহীন বিশ্বাস

নয়তো ফিরিয়ে দেব সুদ সমেত ঋণ
ছিঁড়ে ফেলে দেব হিসাবের খাতা;
ইরেজারে মুছে যাবে নাটকের পটভূমি
স্বেচ্ছায় ভুলে যাবো গাণিতিক সূত্রাবলী।

খণ্ডিত জীবনাঙ্কের অস্পৃশ্য কুৎসিত দাগ
জেগে ওঠে সময় অসময়ে অন্তরাত্মায়
স্মৃতির ওষ্ঠে জাগ্রত অতীত জীবাণু;
ঠুকরে ছিঁড়ে ফেলে বর্তমান সুখ।

কষ্ট পাহাড়ে নষ্ট সময়; ভ্রষ্ট পথ
ধ্বংস করে সকল জীবনের রথ।

# ফাগুন হাওয়া
## তাজুল ইসলাম নাহীদ

রংবেরঙে ফুল ফুটেছে
বসন্তের কালে,
মনের সুখে পাখিরা তাই
উড়ছে ডালে ডালে।

কৃষ্ণচূড়া বকুল জবা
দিচ্ছে কী যে ঘ্রাণ,
সেই ঘ্রাণেতে শীতল করে
এই নাহীদের প্রাণ।

বুলবুলিটা লেজ নাড়িয়ে
ঘুরছে ফুলবনে,
মিষ্টি সুরে গানটা ধরে
ব্যস্ত আলাপনে।

ফাগুন দিনে মধুর ঘ্রাণে
ভীষণ ভালো লাগে,
মন কাননে অজানাতেই
ভালোবাসা যে জাগে।

ইচ্ছে করে মেলিয়ে ডানা
গাছের পরে উড়ি,
মনের সুখে নীল আকাশে
মনটা ভরে ঘুরি।

# বাঙালি
## সেলিনা জামান লীনা

প্রাণ থাকতে থামবে না ওরা...
ওরে বিদ্রোহী বাঙালি,
দু'বেলা দু'মুঠো না জুটলেও
ভালোবাসায় গড়ে মিতালী।
এ ভাষায় রয়েছে সক্রিয়তা
আছে আবেগ সহন বেদন,
প্রাণের ভাষার নিমন্ত্রণে
জাগে উৎসাহ-উদ্দীপন।
মায়ের ভাষা বলতে শিখে
চিনেছে বিশ্ব জগৎ,
এ ভাষায় আছে অমৃত সুধা,
সকলের মাঝে ঐক্যবোধ।
এ ভাষার তরে লক্ষ শহীদ
স্বেচ্ছায় দিলো প্রাণ,
মাতৃ ভাষাকে বাঁচিয়ে রাখতে
করেছিল দৃঢ় পণ।
লড়াই করে ছিনিল ভাষা
গর্বিত আমরা বাঙালি,
রক্তে রাঙানো এ ভাষা আমাদের
বীর বাঙালি সংগ্রামী!
এ ভাষাতে মিশে রয়েছে
শহীদের তাজা রক্ত,
বর্গীদের দুরমুশ করণে
ভাষার ভীত হলো শক্ত।
যে জাতি প্রাণ দিতে পারে
মাতৃভাষার তরে-
সে ভাষা একদা স্বীকৃতি পাবে
বিশ্বের দরবারে!
বর্ণমালা বাঁচাতে যাঁরা
রেখেছিল জীবন বাজি,
তাঁরা চিরজীবী
অকুতভয় গাজী।

# বাংলার ছবি
## সুশান্ত কুমার দে

ইতিহাস জানো কি পৃথিবীর কথা
কেন হলো বাংলার মহান স্বাধীনতা?
পরাধীন বাঙালির কিবা ছিল দোষ
নিরীহ জনতার প্রতি কেন এত রোষ?
পশ্চিম পাকিস্তানির তীব্র রোষানলে
বার কোটি বাঙালির চোখের জলে।
ত্রিশ লক্ষ মানুষের জীবন হলো বলি
বাঙালির রাজটিকা পায়ে দিল দলি?
আজও দেখি, নদীতে রক্তের ঢেউ
ইতিহাসবিদ এ কথা লিখেছো কেউ?
সবুজ বনে আজও, অশরীরীর কান্না
যারা ছিল বাংলার হীরা মানিক পান্না!
পৃথিবীর বুকে সেদিন বারুদের ঘটা
পুলকিত জ্যোৎস্নায় কালিমার ছটা!
তারই মাঝে দীপ্যমান প্রভাতের রবি
নিপুণ হাতে আঁকা যেন বাংলার ছবি!

# বঙ্গ জননী
## সারমিন চৌধুরী

মায়ের ভাষায় গল্পকথা বলতে বলতে
নিঃশ্বাস যেনও হয় একেবারে বন্ধ।
রূপসী বাংলার স্নিগ্ধ রূপ না দেখলে
আমার দুটি চোখ যেনও হয় অন্ধ।

ঘাসের বুকে শিশির মুক্ত ঝলমল করে
ভাই-বোনের অটুট বন্ধনে চির শান্তি।
মায়ের আঁচলতলে গুটিশুটি মেরে শুয়ে
ভুলি সারাদিনের খাটুনি খাটা ক্লান্তি।

সূর্যের কিরণে দুচোখে নতুন স্বপ্ন আসে
গর্বে ভরে গেয়ে উঠি সোনার বাংলা।
ভালোবাসার পরশ নিয়ে আসে হাওয়া
লাখো মানুষের রক্তে স্বদেশ সুজলা।

চাইনা যেতে পরবাসে ছেড়েই মাতৃভূমি
এখানে নিহিত প্রাণের অমূল্য খনি।
নদীর জলে ধুয়েমুছে সব মনের যাতনা
প্রাণ খুলে ডাকি ওগো বঙ্গ-জননী।

# ফুলের সুবাস
## তাহমিনা চৌধুরী

বাংলা আমার মায়ের ভাষা
স্নেহের পরশে মাখা,
সুষমা বিলাস আঁচলে তার
শ্যামল শোভা আঁকা।

যেই বুলিতে তৃপ্তি সুধাই
জননীর ঐ ঘরে,
বাচন কলির স্বর ধ্বনিতে
শ্রাবণ হয়ে ঝরে।

হাসছি খেলছি, গানে গল্পে
বাংলায় আরো লিখি,
শিক্ষাগুরুর নীতি-কথা
বিদ্যা-পিঠে শিখি।

এই ভাষার-ই খ্যাতি রাখতে
জীবন দিলো যারা,
লিপিতে যে থাকবে বেঁচে
বর্ণাক্ষরের ধারা।

বীর শহীদদের শ্রদ্ধা জানাই
অশ্রু ভরা চোখে,
লক্ষ 'ফুলের সুবাস' দিয়ে
ধরে রাখবো বুকে।



# যে ছায়ায় আলোর মায়া

## আহমদ রাজু

*পূর্ব প্রকাশের পর*

বড়দের মুখের ওপর তর্ক করতে শেখেনি ছেলেবেলা থেকে কাকন। তাইতো কাকলিকে টেনে হিঁচড়ে বড় ভাই গ্রাম থেকে বের করে দেওয়ায় জোরালো প্রতিবাদ করতে পারে নি। সবাই যে যার বাড়ি চলে গেলে কাকন মাঠের ওপারে যায় যেখানে কাকলিকে ছেড়ে দিয়ে এসেছিল। না নেই- কোথাও সে নেই। এদিক-ওদিক যতদূর চোখ যায় কাউকেই দেখতে পায় না। তবে কী সে চলেই গেল! বিষণ্ণ মন নিয়ে যখন বাড়ি ফিরে আসে তখন হঠাৎই আকাশে কালো মেঘে ছেয়ে চারিদিক অন্ধকার হয়ে আসে। কোনরূপ পূর্ব সতর্কতা ছাড়াই শুরু হয় তুমুল ঝড় বৃষ্টি। সামান্যর জন্যে ভিজে নেয়ে একাকার। সে নিজের ঘরে যেয়ে পোশাক পাল্টে খাটের ওপর বসলেও বিষণ্ণতা তাকে অক্টোপাসের মতো ঘিরে ধরে। এই ঝড়-বৃষ্টিতে বোনটা তার না জানি কোথায় আছে- কী করছে? বেশ কিছুক্ষণ পরে বারান্দায় একটা শব্দ হওয়ায় ঘরের বাইরে যেয়ে দেখে বারান্দায় দাঁড়িয়ে আছে কাকলি! কাকলিকে দেখে কাকন যেন ভূত দেখার মতো চমকে ওঠে। অথচ এই কাকলিকে নিয়েই তার দুশ্চিন্তা বৃহৎ আকার ধারণ করেছিল। সে কিছুতেই যেন ভুলতে পারছিল না তার মুখ।

'তুইও কী আমাকে...' কাকলিকে কথা শেষ করতে না দিয়ে কাকন বলল, 'আমি বুঝতে পারছি না কী হচ্ছে এসব!'

'আমি তোর বোন। তুই অন্তত বিশ্বাস কর।'

'বর্তমান অবস্থায় কীভাবে বিশ্বাস করবো? বিজ্ঞান এমন কিছু সমর্থন করে না।'

'আমি জানি না তুই কি বলছিস। কোন বিজ্ঞান ফিজ্ঞানের হিসাবে আমি যাবো না। তবে তুই যে আমার ভাই এটা কেউ বদলাতে পারবে না।'

'আপু তুমি তাহলে এত বছর কোথায় ছিলে? তোমার শরীরের অবস্থা এমন কেন? তাছাড়া তোমার লাশ...'

কাকনের কথা শেষ না হতেই কাকলি বলল, 'কাকন, ভাই আমার, ঘরে যেতে বলবি না? নাকি তুইও সবার মতো আমাকে ভয় পেয়ে দূর দূর করে তাড়িয়ে দিতে চাচ্ছিস?'

কাকনের কেন যেন কান্না পায়। তার চোখ জলে ভরে ওঠেছে ইতিমধ্যে। বলল, 'ছিঃ ছিঃ আপু; কী বলছো এসব! আসো ঘরে আসো।' বলে কাকলিকে নিয়ে ঘরে যায়। পড়ার টেবিল লাগোয়া চেয়ার টেনে দিয়ে কাকন বলে, 'বসো আপু।' চেয়ারে বসে কাকলি। কাকন খেয়াল করে বাইরে যেহেতু ঝড় বৃষ্টি অবিরাম চলছে, এক ফোঁটাও পানি কাকলির গায়ে লাগেনি! তার মনে খটকা লাগে। কিন্তু কেন? সে ভিজতে ভিজতে ঘরের বারান্দায় যখন আসে তখন কেউ সেখানে ছিল না। অবশ্য ছিল না বললে ভুল হবে, একটা কুকুর বৃষ্টির পানি থেকে বাঁচার জন্যে বারান্দায় শুয়েছিল; কাকনকে দেখে সে আস্তে আস্তে বারান্দা থেকে নেমে ভিজতে ভিজতে সামনের দিকে চলে যায়। কাকন যদিও কুকুরটাকে তাড়াতে চায়নি কিন্তু কুকুরটা নিজের ইচ্ছায় নেমে চলে গিয়েছিল স্পষ্ট মনে আছে তার। এমনকি শতভাগ নিশ্চিত, বারান্দায় কেউই ছিল না। আর বৃষ্টির তেজ এমন, চালের তলা- গাছের তলা যেখানেই থাকুক না কেন ভিজতে তাকে হবেই। তাহলে কাকলির গায়ে কেন পানির একটা ফোঁটাও লাগেনি? মনে বিভিন্ন প্রশ্নের উদয় হলেও কোন প্রশ্নকে প্রশ্রয় দেয় না কাকন। সে জানে, যা কিছু হবে তা অবশ্যই প্রকৃতির নিয়মেই হবে। তবে অতি প্রাকৃত ঘটনা যে পৃথিবীতে ছড়িয়ে ছিটিয়ে রয়েছে তা বলার অপেক্ষা রাখে না। মনে মনে ভাবে কাকন।

'কাকন, আমাকে একটা কথা বলতো। অবশ্য তোকে দেখে মনে হচ্ছে ত্রিশ বছর পার হয়ে গেছে আরো অনেক আগে। তুই-তুমারি করা যদিও ঠিক হচ্ছে না তবুও তুইতো আমার ছোট ভাই।' বলল কাকলি।

কাকন ঠোঁটের কোণে কিঞ্চিৎ হাসির রেখা ফুটাতে চেষ্টা করে বলল, 'যা কিছু করি না কেন, তুমিতো আমার বড় আপু। কী কথা বলো?' উৎসুক প্রশ্ন কাকনের।

'তুই হঠাৎ এত বড় হয়ে গেলি কী করে বলতো?'

'কী বলো আপু! শুধু কী আমার বড় হওয়াটাই দেখলে? ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে পড়াশুনা শেষ করে নামকরা একটা প্রতিষ্ঠানে গবেষক হিসাবে নিয়োজিত রয়েছি সেটা কী জানো?'

'কী বলিস তুই! এক রাতে এতকিছু ঘটে গেল?' বিস্ময়ে চোখ কপালে তোলে কাকন। তখনও ঠিক একই কথা বলেছিল। কিন্তু কেন? এই 'এক রাত' এর অর্থ কী? কৌতুহল আর ধরে রাখতে পারে না সে। বলল, 'তখনও এই এক রাতের কথাটা বলেছিলে। আসলে এই এক রাত বলতে কী বুঝাতে চাচ্ছো?'

'আগে বল, তোদের এই আকাশ-পাতাল পরিবর্তন হলো কীভাবে? এমনকী ছোট ছোট গাছগুলো কেমন যেন ইয়া বড় বড় হয়ে গেছে! ও আর একটা কথা, আব্বা বলছিল, আমি নাকি মারা গেছি! তোরাওতো বলেছিস। একথা কেন?'

'তুমি কী সত্যিই কিছু বুঝতে পারছো না আপু?'

'নারে; একদম না।'

'তোমার নিজের দিকে কী একবার তাকিয়ে দেখেছো? তোমার সারা শরীরে ময়লার স্তর জমে গেছে। চুলে ইয়া বড় জট। কাপড় পঁচে খসে পড়ার উপক্রম। যেন বহু বছর তাকে স্পর্শ করাই হয়নি।'

'আমিতো কিছুই বুঝতে পারছি না।'

'তোমার কী মনে আছে, আমাকে শেষ কী কথা বলে গিয়েছিলে?'

'আছে তো। সেতো গতকাল সকালে। বলেছিলাম- তোরা খেলতে থাক, আমি যাবো আর আসবো।'

'তুমি কি এসেছিলে?'

'আসবো কী করে- পানি খাবার জন্যে বাড়ি এসেছিলাম। তারপর হঠাৎ মাথায় একটা আঘাত লাগায় বেহুশ হয়ে পড়ি। চোখ মেলে দেখি জঙ্গলের পোড়ো বাড়িতে আমি। ওখানে কীভাবে গেলাম- কে আমাকে নিয়ে গিয়েছিল তা জানিনা।'

বিস্ময় কাকনকে মোহাচ্ছন্ন করে তুলছে একটু একটু করে। অজান্তেই তার হাত- পা হীম হয়ে আসে। 'তারপর কী হলো?' উৎসুক প্রশ্ন কাকনের।

'তারপর আর কী, ঘুম ভাঙতেই হাঁটতে হাঁটতে যখন গ্রামে পা রাখি তখনই বুঝতে পারলাম সব উলট পালট। মনে হয় কত বছর যেন ঘুমিয়ে ছিলাম।'

'সত্যিই তাই আপু। এরই মধ্যে তেইশ বছর কেটে গিয়েছে।'

'কী বলিস তুই!' বিস্ময়ে মহাবিস্মিত কাকলি। 'এটা কীভাবে সম্ভব?'

'তা বলতে পারবো না আপু। তবে এটাই সত্য। রসায়নে এমন কোন ব্যাখ্যা পাইনি। তবে হ্যা, যদি তোমার কথা সত্যি হয়, তাহলে ঐ পোড়ো বাড়িতে তোমার লাশ পাওয়া, তাকে কবর দেওয়া, সেটা কী?'

'আবার সেই লাশ! ব্যাপারটা কী বলতো?'

'তুমি নিখোঁজের দু'দিন পরে তোমার লাশ পাওয়া যায় ঐ পোড়ো বাড়ির সামনেই। লাশ দেখে তখন মনে হয়েছিল, মাত্র ক'ঘন্টা আগেই তোমাকে কেউ হত্যা করেছে।'

'হতে পারে হয়তো।' কথাটায় তেমন গুরুত্ব দেয় না কাকলি। তার ভাব দেখে মনে হয়, সেই লাশ পাওয়া- কবর দেওয়া আহামরি কিছু নয়।

একটু থেমে বলল, 'তারপর কী হলো?'

'কী আর হবে? তোমাকে হত্যা করার অপরাধে অনেকে জেল খেটেছে। দু'জন এখনও জেলে বন্দী আছে। কেউ কেউ অবশ্য মারাও গিয়েছিল।'

'হত্যার অপরাধে জেলে? সে কারা?'

'মলয় শেখ, তার ছেলে ফরিদ আর সাথে যারা ছিল সবাই। বাবা মামলা দিয়ে সবার অবস্থা একদম খারাপ করে দিয়েছে।'

'আমাকে মারার অপরাধ তাদের ওপর কেন?'

কাকন কিছু একটা বলতে যাবে এমন সময় হাবলু ক্ষিপ্রগতিতে ঘরে ঢুকে ভয়ে ভয়ে বলল, 'তুই আমাদের বাড়ি এসে উপস্থিত হয়েছিস! বেরো এখান থেকে।' বলে কোন কিছু বুঝে ওঠার আগেই কাকলির হাত ধরে ঘরের বাইরে টেনে নিয়ে যায়।

ইতিমধ্যে ঝড় বৃষ্টি থেমে আকাশ ফকফকা হয়ে গেলেও তার আগমনের চিহ্ন রেখে গেছে প্রকৃতিতে। উঠানে জটলা দেখে ঘর থেকে বেরিয়ে আসে তানিয়া। সে মুখে কোন কথা না বললেও কাকলির দিকে চোখ পড়তেই চমকে ওঠে। শেষ পর্যন্ত ভূত বাড়ি পর্যন্ত পৌঁছে গেছে! মনে মনে ভয়ের রাজ্যে বসবাস করলেও তা প্রকাশ করে না। শুধুমাত্র একটা দীর্ঘশ্বাস ছাড়ে। হামিদ গাজী গুটি গুটি পায়ে উঠানে এসে দাঁড়িয়ে মনে মনে কী যেন ভাবলো। তারপর কাকনের উদ্দেশ্যে বলল, 'দেখলি তোর বড় ভাই ওকে গ্রামের বাইরে দিয়ে এসেছে, তাহলে তুই তাকে আনতে গেলি কেন?'

'আব্বা, আমাকে কেউ নিয়ে আসেনি, আমি নিজেই এসেছি। নিজেদের বাড়ি- কাউকে নিয়ে আসতে হবে কেন?' হামিদ গাজীর চোখের দিকে তাকিয়ে এই প্রথম স্পষ্ট জবাব দেয় কাকলি।

হামিদ গাজী কাকলির চোখে অস্বাভাবিক কিছু একটা দেখতে পায়। তাকে প্রথম দেখে যেমন অনুভূতি হয়েছিল ঠিক তেমনি মনের ভেতরে ঝনাৎ করে বেঁজে ওঠে। সে নিজেকে যথাসম্ভব সংযত রেখে আমতা আমতা করে বলল, 'আমি তোমাকে কতবার বলবো, আমার মেয়ে মারা গেছে তেইশ বছর আগে। সেই শোকে তার মা'ও মারা গিয়েছিল পরের বছর।'

'মা নেই!' চোখ জলে ভরে যায় কাকলির। সে কেঁদে ওঠে। তাকে সান্ত্বনা দেবার মত তেমন কেউ নেই এই বাড়িতে এতক্ষণে বুঝে গেছে। তাইতো মনকে বুঝিয়ে কান্না নিবারণ করতে চাইলেও পারে না। অন্তরের গভীর থেকে কান্না যেন উছলিয়ে ওঠে অহর্নিশ।

'এই থামতো! ফালতু নাটক শুরু করেছে। এটা কী যাত্রা মঞ্চ?' ধমক দিয়ে বলল হাবলু।

কাকন বলল, 'বড় ভাই, ওর কথা আমরা শুনতে পারি নাকি? কী বলতে চায় বলুক না। সবচেয়ে বড় কথা, ওর চেহারার সাথে কাকলি আপুর পুরোপুরি মিল আছে। এ পর্যন্ত যা বলেছে তার কিছুইতো মিথ্যা বলেনি। শুধু তাই নয়, যেদিন সে হারিয়ে গিয়েছিল সেদিন যে পোশাক পরা ছিল, আজও তাই আছে। একটু ভাবো বড় ভাই, কীভাবে এটা সম্ভব!'

'পুলিশের কাছে সব সম্ভব। কেসের সমস্ত ডিটেলস্ তাদের কাছে আছে। তারা একজনকে সাজিয়ে যদি পাঠায় তাহলে অস্বাভাবিক কিছু নয়।'

'সেটা হয়তো ঠিক। তবে এভাবে চেহারায় পুরোপুরি মিল করা শুধু অসম্ভব নয়- অবান্তরও বটে।'

'সব হয়- সব হয়; ওসব বুঝবি না। তুই থাম।' বলে কাকনকে থামিয়ে দেয়।

'আব্বা আপনি কিছু বলেন। হয়তো আল্লাহ ওকে আমাদের মাঝে পাঠিয়েছেন।' কাকনের সরলতা দেয়ে গা জ্বলে ওঠে হামিদ গাজীর। সে কাকনকে ধমক দিয়ে বলল, 'তোর ওসব নিয়ে ভাবতে হবে না। আমি দেখছি ব্যাপারটা।'

কাকলি মায়ের মৃত্যুশোকে মুহ্যমান। সে ফুপাতে ফুপাতে বলল, 'মা'র কী হয়েছিল? তাকে আমি শেষ দেখাটাও দেখতে পারলাম না! আমার জন্যে তোমরা একটু অপেক্ষা করতে পারলি না?'

'তোমার জন্যে কীভাবে অপেক্ষা করতাম? তুমিতো আরো দু'বছর আগে মারা গিয়েছিলে।' বলল কাকন।

'আমি যদি মারা যায় তাহলে তোদের সামনে আছি কীভাবে? এই দ্যাখ আমাকে ছুঁয়ে দেখ।' বলে কাকনের দিকে দুই হাত বাড়িয়ে দেয় কাকলি।

'না কাকন; একদম না। ওকে ছুবি না। তুই ছুয়ে দিলেই অন্যরকম কিছু ঘটে যেতে পারে।' ঘরের কোনা দিয়ে গুটি গুটি পায়ে আসতে আসতে বলল ময়েন।

মায়ের মৃত্যু সংবাদে চোখে জল ভরা থাকলেও মুখে কিঞ্চিত হাসির রেখা ফুটিয়ে বলল, 'ছোট কাকা তুমিও আমাকে চিনতে পারছো না?'

কোন কথা বলে না ময়েন। তার নীরবতা দেখে কাকলি বলল, 'ছোট কাকা তোমার মনে আছে, একদিন ভোরে খেঁজুরের রস পেড়ে সবেমাত্র উঠানে এনে রেখেছিলে। আমি না ছেকে একটা ভাড় থেকে রস খেয়েছিলাম। তোমাকে আসতে দেখে ছুটে পালাতে যেয়ে গাছ কাটার দা'র ওপর পা দিতেই সামান্য কেটে গিয়েছিল। অল্প একটুর জন্যে সেদিন বড় বাঁচা বেঁচে গিয়েছিলাম। তুমি পরম মমতায় পায়ের কাটা জায়গায় মলম লাগিয়ে দিয়েছিলে। আমাকে মিষ্টি কিনে খাবার জন্যে দুই টাকার একটা নোট হাতে গুঁজে দিয়ে বলেছিলে, আমি যেন কাউকে না বলি। অথচ পুকুর ঘাট থেকে মা আসলে সব কথা তাকে বলে দিয়েছিলাম।' পরেরদিন তুমি সেই দুই টাকা আমার হাত থেকে কেড়ে নিয়েছিলে। মনে পড়েছে সেসব কথা?'

ময়েনের সব কথা মনে পড়ে। তার চোখের সামনে ভেসে ওঠে সেদিনের সেই দৃশ্য। সে ভেতরে ভেতরে ভয়ে মুহ্যমান। বলল, 'কাকলি মারা গেছে বহু আগে। ওসব বলে আসাদের মন গলাতে পারবে না। দয়া করে অন্য কোথাও যেয়ে চেষ্টা করো।'

কাকলি নিজেকে সংযত না করতে পেরে চিৎকার করে ওঠে, 'আমাকে তোমরা কেন বিশ্বাস করতে পারছো না? আমি তোমাদের মেয়ে কাকলি। আব্বা আপনি বলুন, কী করলে বুঝবেন আমি আপনার মেয়ে?'

হামিদ গাজী থতমত খায়। নিজেকে তবুও স্বাভাবিক রাখার চেষ্টা করে বলল, 'তুমি যদি আমার সত্যি মেয়ে হয়ে থাকো তাহলে তোমার কাছে হাতজোড় করে বলছি, এখন তুমি বিদায় হও। তোমাকে আমাদের কোন প্রয়োজন নেই। আমার মেয়ে মারা গেছে বহু বছর আগে, সে বিশ্বাস নিয়ে থাকতে দাও। আর জ্বালিওনা, এমনিতে চারিদিক থেকে জ্বলে পুড়ে মরছি।'

নিজের বাবার কথায় নিজেকে এখন বিশ্বাস করতে কষ্ট হয় কাকলির। ঘুম ভাঙার পর যে বিশ্বাস নিয়ে বাড়িতে ফিরে এসেছিল সে বিশ্বাসের ভীত কেমন যেন নড়বড়ে হয়ে গেছে। কী করবে বুঝতে না পেরে ঠাঁই দাঁড়িয়ে থাকে। সেদিকে এগিয়ে যায় হাবলু আর ময়েন। হাবলু বলল, 'জীবনে কত ভূত প্রেত দেখলাম; আর এ তো কোথায় বাচ্চা ভূত! এই বেরো এ বাড়ি থেকে; বের হ।

২৯-এর পৃষ্ঠায় দেখুন



# যে ছায়ায় আলোর মায়া

*২৮-এর পৃষ্ঠার পর*

আর যদি কোনদিন এ বাড়ি মুখো এমনকি গ্রাম মুখো হস তাহলে সেদিন কিন্তু আর কেউ বাঁচাতে পারবে না।'

সহজেই নিয়তিকে মেনে নেয় কাকলি। মন তার ভেঙে খান খান হয়ে গেছে। কোথায় যাবে সে? বয়সটাও আহামরি বেশি নয়। যে বয়সে বাবা-মায়ের ছত্রছায়ায় থাকার কথা সে বয়সে তাকে হতে হচ্ছে বাড়ি ছাড়া! সে মনে পর্বত সমান কষ্টা নিয়ে বাড়ি থেকে বেরিয়ে মেঠো পথ ধরে হাঁটতে হাঁটতে একসময় চলে যায় দৃষ্টির অতলে।

কাকলিকে দেখার পর দু'চোখে ঘুম আসে না তানিয়ার। সে এতবছর সংসারে এসে কত নির্যাতন- কত অপমান সহ্য করেও শেষ রাতের দিকে দু'চোখের পাতা এক করেছে অথচ কাকলির চোখে চোখ ফেলতেই তার ঘুম সব উবে গেছে জলীয়বাষ্প হয়ে। কেবলই তাকে কোন এক অদৃশ্য শক্তি টেনে নিয়ে যাচ্ছে আগামীর দিকে। গত তেইশ বছর হাতে গোনা দু'একবার বাড়ির বাইরে গিয়েছিল; তাও কোর্টে সাক্ষী দিতে। বাইরে যেতে মন যে চায়নি তা নয়, চাইলেও হাবলু তাকে কড়া নির্দেশ দিয়েছিল, বাড়ির বাইরে না যাবার জন্যে। কিন্তু আজ সে বাইরে যাবেই। কোন শক্তি তাকে আটকাতে পারবে না।

কাকলি হত্যা মামলা বহুবছর পর আবারো আদালতে ওঠে। কে, কী কারণে মামলা আদালতে তুললো তা বুঝে উঠতে পারে না হামিদ গাজী। যে মামলায় আসামীদের কেউ কেউ সাজা খেটে বেরিয়ে গেছে, কেউ কেউ মারাও গেছে, সে মামলা কে উপরে তুলে ধরার চেষ্টা করছে? কিছুই বুঝে উঠতে পারে না সে।

কোর্ট প্রাঙ্গণে সাজ সাজ রব। একটা স্পর্শকাতর মামলা আজ আবারো আদালতে উঠছে! তাছাড়া ভিকটিম অর্থাৎ যাকে তখন হত্যা করা হয়েছিল তাকে গ্রামে অনেকে স্বশরীরে দেখেছে বলে কানাঘুসা চলছে! সে নাকি গ্রামের বাড়িতে এসেছিল! শ' শ' লোকের সামনে কথাও বলেছে! এ কথার বিশ্বাসযোগ্যতা আদালতের কাছে একদমই নেই। আদালত চায় স্বাক্ষ্য-প্রমাণ, কোন অবাস্তব ঘটনা নয়।

বিচারকার্য শুরু হয়েছে। 'সাক্ষী তানিয়া হাজির' বলতেই তানিয়া কাঠগড়ায় উঠে দাঁড়ায়। যা দেখে চোখ ছানাবড়া হয়ে যায় হামিদ গাজীর। শুধু হামিদ গাজীর বললে ভুল হবে, হাবলু থেকে শুরু করে উপস্থিত অনেকের মনে বিভিন্ন প্রশ্নের জন্ম দেয়। হঠাৎ পুরোনা সাক্ষীকে কেন তলব আদালতের? তার তো বাড়ি থেকে বের হওয়া নিষেধ। তাহলে কোন সাহসে- কী কারণে কাউকে কিছু না বলে বাড়ির বাইরে আসলো! তাও আবার আদালতে! সে তো অবাস্তব ব্যাপার। হামিদ গাজী কটমট করে তার বৌমার দিকে তাকায়। হাবলু উঠে দাঁড়িয়ে স্ত্রীকে কিছু বলতে গেলে বিচারক তাকে থামিয়ে দেয় যা তানিয়ার চোখ এড়ায় না। তানিয়া বুঝেছে, আজ এই কাঠগড়ায় উঠার ফল খুব খারাপ হবে; হয়তো সে ফল সকল চরমতাকে উৎরে যাবে। তবুও সে সংকল্প করেই ঘর থেকে বেরিয়ে এসেছে- আজ তার থামার কোন সুযোগ নেই। তাতে, সকল বাস্তবতা মেনে নিতে প্রস্তুত সে।

'আপনি নির্ভয়ে বলুন' জজের এমন নির্দেশে তানিয়া বলল, 'জজ সাহেব, কাকলিকে অপহরণ সেদিন আমার ভাই ফরিদ করেনি। আমার বাবাতো এ ব্যাপারে কিছুই জানতো না। যা করেছিল তা আমার স্বামী আর আমার শ্বশুর মিলেই করেছিল। তাদের সাথে ছিল আরো দুইজন।'

কথাটা শুনে আদালতে উপস্থিত লোকজন তো হতবাক। এত বছর পর এসে এ কী বলছে তানিয়া। আর অভিযোগ করবি তো কর একেবারে নিজের স্বামী- শ্বশুরের নামে! পিনপতন নীরবতার চাদরে মোড়া আদালতে এ ওর সাথে গুঞ্জনে মেতে উঠলে জজ সাহেব অর্ডার অর্ডার বলতেই আবারো নীরবতা নেমে আসে। উকিল বলল, 'আপনি বলুন, তারপর কী হলো?'

তানিয়া নিজেকে শক্ত করে বলল, 'সেদিন সকালে কাকনের সাথে কাকলি মাঠে খেলছিল। হঠাৎ পানির পিপাসা লাগায় সে বাড়ি চলে আসে পানি পান করতে। সেই বাড়ি আসাটাই কাল হলো তার। আমার স্বামী কাকলিকে বলেছিল, জঙ্গলের মধ্যে একটি সুন্দর রাজবাড়ী খুঁজে পাওয়া গেছে; আমরা কয়জন সেখানে যাচ্ছি, তুইও চল। সে যেতে রাজি না হয়ে বলেছিল, কাকনরা আমার জন্যে অপেক্ষা করবে। পরে একদিন সবাই মিলে যাবো বলে পানি না পান করে বাইরে যেতে উদ্যত হয়। তখন শ্বশুর ইশারা করতেই আমার স্বামী কাকলির মাথায় পেছন থেকে কুড়ালের আছাড় দিয়ে আঘাত করে। কাকলি একাবার মাত্র মা বলে সেখানেই পড়ে যায়। আমি ছুটে যেয়ে অচেতন কাকলির মাথায় পানি দেবার চেষ্টা করি। শ্বশুর পাশে থাকা হাসুয়া হাতে নিয়ে আমার দিকে এগিয়ে এসে গলার ওপর ধরে বলে, 'কথাটা যদি দুই কান করেছো তো তোমার অবস্থা এর চেয়েও ভয়াবহ হবে। যাও নিজের ঘরে যাও।' আমি ওদের ভয়ে ঘরে যেয়ে জানালার ফাঁক দিয়ে দেখতে থাকি। ছোট চাচা শ্বশুর ময়েন আর পাশের বাড়ির রশিদ এসে কাকলির পা ধরে টানতে টানতে শ্বশুরের ঘরের ভেতরে নিয়ে যায়।' তানিয়ার চোখে জলের বান উছলিয়ে উঠেছে ততক্ষণে। সে নিজেকে আর ঠেকাতে পারে না। ফুঁপিয়ে কেঁদে ওঠে। ক্ষণেক পরে নিজেকে সামলে নিয়ে শাড়ির আঁচল দিয়ে চোখ ও নাকের পানি মুছে বলল, 'সন্ধ্যার পর তারা কাকলির নিথর দেহ জঙ্গলের ভেতরে ফেলে দিয়ে এসে পরেরদিন মিথ্যা গল্প প্রচার করে- আমার ভাই ইমরান দলবল নিয়ে তাকে উঠিয়ে নিয়ে গেছে! তারা মিথ্যা হত্যা মামলা দায়ের করে। যে মামলায় আমাদের পরিবার ধ্বংস হয়ে গেছে। কেউ কেউ আজও জেলে পঁচে মরছে।' কথাটা শেষ করতে গত তেইশ বছর জমে থাকা কান্না আবারো বানের জলের মতো উছলিয়ে ওঠে। তার হৃদয় নিংড়ানো কান্নায় উপস্থিত অনেকের চোখে জল এসে যায়।

হামিদ গাজীর উকিল যেন সব কথা ফুরিয়ে ফেলেছে। সে ভেবে পায়না কী বলবে। হঠাৎ মনে আসায় সে বলল, 'আপনার গল্প যুক্তির খাতিরে না হয় মানলাম। তাহলে বলুন, আপনি নিজেইতো সেদিন সাক্ষী দিয়েছিলেন পিতা- ভাইদের বিরুদ্ধে। তাহলে আজ এতবছর পর কী এমন ঘটলো যার জন্যে বয়ান একেবারে উল্টে দিলেন?'

'আমাকে হত্যা করার হুমকি দিয়ে- প্রতিনিয়ত নির্যাতন করে আমাকে দিয়ে মিথ্যা সাক্ষী দিতে বাধ্য করেছিল সেদিন।'

'আমার জানামতে ঘটনার সময় আপনার শাশুড়ী তো বেঁচে ছিলেন। তাহলে তিনি কিছু বলেননি কেন? তিনিও কী তাহলে...!'

'না; একদম না। আমার শাশুড়ী খুব ভাল মানুষ ছিলেন। ঘটনার দিন তিনি দুপুরে ঘুমিয়েছিলেন। উঠেছিলেন পরেরদিন সকালে।'

'এমনটা কী হতে পারে?'

'কিন্তু হয়েছিল সেদিন। শাশুড়ী নিজেই বলেছিল তাকে হয়তো কোনভাবে ঘুমের ওষুধ খাইয়ে দেওয়া হয়েছিল। যারা কাকলিকে হত্যা করেছিল তারা সব বলতে পারবে।'

বহু যুক্তিতর্কের পরে আদালতের নির্দেশে পুলিশ হামিদ গাজী, হাবলু, ময়েন আর রশিদকে আটক করে। রিমান্ডে নিতেই তারা হড়হড় করে বলে দেয় চাপা পড়ে থাকা সব ঘটনা। তাদের নামে হত্যা মামলা দায়ের হলে তানিয়ার বাবা-ভাই ছাড়া পেয়ে যায়।

হয়তো তানিয়াও মুক্তি পেয়ে যাবে এ সংসার থেকে। অবশ্য এখানে আর থাকার ইচ্ছাও তার নেই। সুযোগ থাকলে বহু আগেই চলে যেতো- শুধু মৃত্যুভয়ে আর দুই ছেলের কথা ভেবে সে কোন সিদ্ধান্ত নেয়নি। ছেলেরা এখন বড় হয়েছে বলে কোন সিদ্ধান্ত নিতে সে পিছুপা হবে না।

এক মহেন্দ্রক্ষণে আদালত চার জনের মৃত্যুদণ্ডের রায় দিলে কোন পিছুটান তানিয়াকে আটকিয়ে রাখতে পারে না। সে দুই ছেলেকে নিয়ে মেঠোপথ ধরে যখন বাবার বাড়ির দিকে রওনা হয় তখন হঠাৎই কাকলি তার সামনে এসে দাঁড়ায়। আজ আর কাকলিকে দেখে তানিয়া চমকায় না। যেন সে তারই অপেক্ষায় ছিল।

'আমার একটা দৃঢ় বিশ্বাস ছিল, তুমিই আমার হত্যাকারীদের ধরিয়ে দিতে পারবে।'

'আমাকে ক্ষমা করে দিও। এতবছর কিছু না করতে পারার জন্যে।' বলল তানিয়া।

'তোমাকে ধন্যবাদ ভাবী, তোমার কাছ থেকে আমি এটাই আশা করেছিলাম।'

তানিয়ার দুই ছেলে হতবাক। হঠাৎ তার মায়ের কী হলো! এই ফাঁকা রাস্তায় সে কার সাথে কথা বলে? সামনে তো কেউই নেই! বড় ছেলে বলল, 'তুমি কার সাথে কথা বলছো মা? পাগল হয়ে গেলে নাকি?'

'তোর ফুফুর সাথে।'

'ফুফু! কোন ফুফু?'

'তোর কাকলি ফুফু।'

'তোমার ভুল হচ্ছে, এখানে কেউ নেই।'

তানিয়া সামনে তাকিয়ে দেখে সত্যিইতো সামনে কেউ নেই। সে চারিদিক তাকায়। না কেউ নেই। সে মনে মনে ভাবে, কাকলি হয়তো তাকে ধন্যবাদ দেবার জন্যে অবচেতন মনে ফিরে এসেছিল।

হামিদ গাজীদের বিচার চলাকালীণ সময়ে কারো কারো সামনে কাকলি পড়লেও যেদিন জজ তাদের সাজার রায় দেন সেদিনের পর কাকলিকে আর গ্রামে দেখা যায়নি। কাকলির ফিরে আসার গল্প যত দিন যায় তত ফুলে ফেঁপে বিস্তর আকার ধারণ করে।

হয়তো কাকলি এসেছিল- হয়তো আসেনি। হয়তো হঠাৎই সকল গ্রামবাসীর আত্মচেতন মনে বসত গড়েছিল সে! যাই হোক না কেন, বহু বছর পরে হলেও এক অন্যরকম শক্তি অতীব মিথ্যাকে সত্যের কাছে পরাজিত করে। তানিয়ার হয়তো সত্যকে অনুধাবন করে রুখে দাঁড়াতে বহু বছর লেগেছিল, পারিপার্শ্বিক চাপ- মৃত্যুভয় আর দুই সন্তানের কথা চিন্তা করে। কিন্তু শেষ পর্যন্ত সে যে ঘুরে দাঁড়িয়ে সত্যকে সম্মুখে আনতে পেরেছিল সেজন্যে কাকলি তাকে ধন্যবাদ দিয়ে বিদায় নিয়েছিল চিরতরে- আর ফিরে আসেনি।

## দিনগুলোতে শান্তি ছিল

### আতিকুর রহমান

গ্রামে এক ঝোঁপ ছিল,
পাশে এক পুকুর ছিল,
পুকুরে মাছ ছিল,
পানকৌড়ি ছিল, হাঁস ছিল,
পুকুরে ঘাটলা ছিল,
তাতে নির্মল পানি ছিল,
ফুটন্ত শাপলা ছিল,
পুকুর ধাঁরে চলার পথ ছিল।

পুকুর ধারে বড় বড় গাছ ছিল,
স্বচ্ছ জলে তার প্রতিচ্ছবি ছিল,
গাছে কতো পাখি ছিল,
ডালে-ডালে তাদের বাসা ছিল,
পাখিদের কোলাহল ছিল,
গাছের নির্মল ছায়া ছিল,
গাছের ছায়ায় মন প্রশান্ত হতো
দিনগুলোতে শান্তি ছিল।

## মা

### কোমল দাস

কাঁদি যখন আমি
বুঝি তখন মায়ের কাছে
আমি কতো দামি।

মা ও বলে- বাবা,
কাঁদছো কেন বলো বলো
তুমি কিছু খাবা?

এই নাও দুধ ভাত,
লক্ষ্মী খোকন হাসো হাসো
বের করো তো দাঁত।

তখন যদি হাসি,
এক নিমিষেই মায়ের খুশি
দেখি রাশিরাশি!

বলে তখন মন,
মা যে আমার এই জগতের
সবচে আপনজন।

## বাবার জন্য

### লুৎফুর রহমান চৌধুরী

বাবার হাতের কলমখানি
ভেঙে গেছে ভাই,
কলম কেনার মতো টাকা
বাবার কাছে নাই।

বাবার কষ্ট দেখে আমি
হাটে ছুটে যাই,
হাটে গিয়ে ভাবছি টাকা
কার কাছেতে চাই?

ইচ্ছে করে ভিক্ষুক সেজে
পেতে দিলাম হাত,
বাপের জন্য হাত পেতেছি
যাবে কি কুলজাত?

ভিক্ষা করে হিসাব করছি
টাকা শত নয়,
বাবার খুশির জন্য আমি
বিশ্ব করবো জয়।

কলম নিয়ে এসে বলি
বাবা তুমি কই,
তাড়াতাড়ি আসো বাবা
নিয়ে তোমার বই।

# ট্রেন্স থেকে ফিরে এসে

রউফ আরিফ



*পূর্ব প্রকাশের পর*

রোজির আরেক দফা থমকাবার পালা। অঞ্জনা বৌদিকে এখনি কোনো প্রশ্ন করে বিরক্ত করতে মন চাইল না। আচ্ছা বলে, দীর্ঘশ্বাস চাপতে চাপতে উপরে উঠে এলো। বৌদির ইঙ্গিত সত্বেও রোজি বুঝতে পারেনি আরমান তাকে ছেড়ে, এই শহর ছেড়ে দূরে কোথাও চলে যাচ্ছে। সে আর ঘরে ফিরবে না।

দ্রুত হাতে গৃহস্থালীর কাজ গোছায়। সন্ধ্যার আগে রান্না করে। আরমানের পছন্দের দুই তিনপদ রান্না করে। কেননা খাওয়া দাওয়ার ব্যাপারে আরমান ছেলেবেলা থেকেই বেশ খুতখুতে। পাশাপাশি বাসায় বসবাস করায় সবই রোজির নখদর্পনে।

রান্নাবান্না শেষ করে সন্ধ্যাবেলা আবার গোসল করে। সুন্দর করে চুল বাধে। আরমানের কিনে আনা শাড়িটা পরে ওর জন্য অপেক্ষা করে। তাকে দেখলে এই মুহূর্তে যে কেউ মনে করবে রোজি কোনো পার্টিতে যাওয়ার জন্য সেজেগুজে বসে আছে।

রোজির অপেক্ষার সময় দীর্ঘ হতে থাকে। দেখতে দেখতে রাত এগারোটা বেজে যায়। ঘুমে তার চোখের পাতা বুজে আসতে থাকে। রোজি ভেবে পায় না আরমান এমন করছে কেন? আসলে সে কি চাইছে?

জয়কে বুকে জড়িয়ে শুয়ে শুয়ে ভাবতে থাকে, বৌদি তখন বলছিল আরমান বৌদিকে বলেছে তার খুব বিপদ। কি বিপদ? বিপদ আপদ যাই হোক রোজিকে না জানিয়ে সে কোথায় গেলো?

রোজির চিন্তায় ছেদ পড়ে। ডোরবেল বাজছে। রোজি সজাগ হয়। ওই বোধহয় ফিরে এলো! সে দরোজা খোলার আগে একবার আয়নার সামনে দাঁড়ায়। দ্রুত চুলে চিরুনী চালায়। স্থানচ্যুত কাপড় ঠিক করে নেয়। রোজি চায় ঘরে ঢুকেই আরমান রোজিকে দেখে মুগ্ধ হোক।

হাসি হাসি মুখে দরোজা খুলে একপাশে সরে দাঁড়ায়। কিন্তু আরমান কই? দরোজায় উকি দেয় সুন্দর চেহারার এক পুলিশ অফিসার। পেছনে কয়েকজন সেপাই। রোজি কাঁপা কাঁপা স্বরে জিজ্ঞাসা করে, আপনারা?

পুলিশ অফিসার বোধহয় ভাবতে পারেনি, আসামী ধরতে এসে এমন একজন সুন্দরী তরুণীর মুখোমুখি হতে হবে। মুহূর্তে নিজেকে সামলে নিয়ে জিজ্ঞাসা করে, এটা কি আলি আরমান সাহেবের বাসা?

-জি।

-আরমান সাহেব বাসায় আছে?

-জি না।

-আপনি তার কি হন?

-স্ত্রী।

-বাসায় আর কে আছে?

-আর কেউ নেই।

-কেন। আপনার শ্বশুর শ্বাশুড়ি?

-ওনারা বেঁচে নেই।

-আমরা আপনার বাসাটা সার্চ করে দেখতে চাই।

-দেখুন। রোজি দরোজা ছেড়ে সরে দাঁড়ায়। পুলিশ অফিসার ঘরে প্রবেশ করে। ভয়ে রোজির বুক কাঁপে। সে বুঝে পায় না, কি দিয়ে কি হচ্ছে। নিচে গিয়ে বৌদিকে ডেকে আনবে, তাও পারছে না।

পুলিশ অফিসারটা ঘরময় ওলট পালট করে খোজে। কি খোজে তা সেই জানে। রোজির মাথায় কিছুই আসে না। সবকিছু ওলট পালট করে দেখে যখন তাদের কাংঙ্খিত বস্তু না পায় তখন রোজির সামনে এসে দাঁড়ায়।

ঘরময় জিনিসপত্র ছড়ানো। রোজি ঘরের মাঝখানে জবুথবু দাঁড়িয়ে ঠকঠক করে কাঁপছে। পুলিশ অফিসার জিজ্ঞাসা করে, আপনার স্বামী কখন ফিরে আসবে?

-জানি না। আমার সাথে আজ তার দেখা হয়নি।

-কেন? উনি বাড়িতে ছিলেন না?

-না।

-কোথায় ছিলেন?

-আমি ঠিক জানি না।

-উনি কি প্রায়ই রাতে এরকম বাড়ির বাইরে থাকেন?

-না। উনি কখনোই এরকম বাড়ির বাইরে থাকেন না। গত চারদিন আগে তার সাথে আমার ঝগড়া হয়েছিল। কি নিয়ে ঝগড়া হয়েছিল আশাকরি সে বিষয়ে প্রশ্ন করে বিব্রত করবেন না। সেই ঝগড়াকে কেন্দ্র করে গত কয়দিন তিনি বাসায় ফেরেননি। আজ বিকালে তিনি বাসায় ফিরেছিলেন, তখন আমি বাসায় ছিলাম না। আমার সাথে তার দেখা হয়নি।

-আপনি কোথায় গিয়েছিলেন?

-আমি একজন স্কুল টিচার। স্কুলে ছিলাম।

-তিনি নিশ্চয়ই রাত্রে বাসায় ফিরবেন?

-আমি তো সেরকমই আশা করছি।

-উনি বাসায় ফিরলে থানায় গিয়ে দেখা করতে বলবেন।

-আপনারা তাকে খুঁজছেন কেন? সে কি কোনো-

-আপনার স্বামীর নামে অভিযোগ আছে।

-বিষয়টা কি আমি জানতে পারি?

-স্যরি। আপনাকে কিছুই জানানো যাচ্ছে না। আমরা তার সাথেই কথা বলতে চাই। তবে তিনি যদি পুলিশের সাথে কোয়াপারেট না করেন তাহলে তার কপালে খারাবি আছে।

পুলিশ চলে গেলো। রোজি সোফায় বসে ঘামতে লাগলো। এ কী শুনলো সে! তার স্বামী পুলিশের খাতায় ব্লাক লিস্টেড! তার মানে সে এমন জঘন্ন কাজ করেছে, যা তার সামাজিক মান মর্যাদাই শুধু ক্ষুণ্ন করেনি, তাকে আদর্শচ্যুত করেছে।

রোজি সারারাত ঘুমুতে পারেনা। যন্ত্রনায় ছটফট করে। এ কী করল আরমান? তারা না হয়, না খেয়ে থাকতো। না, তাই বা কেন? ছোট হলেও সে তো একটা চাকরি করছে। মাস গেলে বেতন পাচ্ছে। সেটা অংকে তেমন স্ফীত না হলেও দুটো লোকের ডালভাত অনায়াসে হয়ে যায়।

বিনিদ্র রাত কাটে রোজির। দুঃসহ একটা রাত। সদা ভয়, আবার কখন পুলিশ আসে। আবার জিজ্ঞাসাবাদ শুরু করে। তার ওপরে অত্যাচার না করে!

রোজি ভেবে পায় না, এখন সে কি করবে। বিষয়টা কিভাবে অঞ্জনা বৌদিকে জানাবে? না না, তাই বা কি করে সম্ভব! ঘরের কুৎসা! দাদা বৌদি তাকে কত ভালো জানে। এমন একটা খারাপ সংবাদ জানলে আরমান সম্পর্কে তাদের একটা খারাপ ধারনা জন্মাবে। আগের মতো আর বিশ্বাস থাকবে না। ভালোবাসা থাকবে না।

রোজির নিজের চুল নিজেকেই টেনে ছিঁড়তে ইচ্ছা করে। আরমান এমন একটা অপরাধের সাথে জড়িত হতে পারে রোজি এখনো তা বিশ্বাস করতে পারছে না। সে কোনো ঘটনার শিকার হয়ে যায়নি তো? আসলে প্রকৃত সত্য যে কি তা সে ঘরে ফিরলেই বোঝা যেতো। আরমান যাই করুক তার কাছে সত্য গোপন করতো না। প্রকৃত ঘটনা খুলে বলতো।

এখন যা অবস্থা, তাতে আরমানের ঘরে ফেরাও নিরাপদ নয়। বিষয়টা কি সে আগে থেকেই আচ করতে পেরেছে! সেকথাই কি বৌদিকে বলেছে? যা বৌদি বোঝেনি? অথবা বোঝার মতো করে বলেনি। এবং সবকিছু জেনে বুঝেই ঘরে ফেরেনি। কোথাও গা ঢাকা দিয়ে আছে। কোথায় আছে? কেমন আছে, তা জানার জন্য রোজির মন ব্যাকুল হয়ে ওঠে।

রাত বাড়ে। ক্লান্ত শরীর ঘুমে টলতে থাকে। রোজি ছেলেকে বুকে জড়িয়ে এক সময় ঘুমিয়েও পড়ে। তবে মাঝে মাঝেই তার ঘুম ভেঙ্গে যায়। ঘুম থেকে জেগে অন্ধকারে কান খাড়া করে অপেক্ষা করে। একবার মনে হয়, আরমান বোধহয় ফিরে এসেছে। সে বাইরে অপেক্ষা করছে।

রোজি লাইট জ্বালে। দেওয়াল ঘড়ির দিকে তাকিয়ে দেখে রাত তিনটা। তখনই মনে হয়, না না, এত রাতে আরমান আসবে কি করে। রাত এগারোটার সময় তো মেইন গেটে তালা লাগিয়ে দেওয়া হয়েছে। আরমান জানে যে এর পরে ফিরলে সে ভেতরে ঢুকতে পারবে না। ফলে, এমন ভুল সে কখনোই করবে না।

রোজি উঠে জগ থেকে পানি ঢেলে খায়। গলাটা শুকিয়ে কাঠ হয়ে গিয়েছিল। পানি খাওয়ার পর ভালো লাগে। রোজি শুয়ে শুয়ে ভাবে, জীবনটা এমন হয়ে যাচ্ছে কেন? ‘খোদা, স্বজ্ঞানে এমন কোনো অন্যায় কাজ কখনো করেনি, যার কারণে আমাদের জীবন এমন জটিল করে দিচ্ছ। রহম কর খোদা। সমস্ত বালা মসিবত থেকে নাজাত কর।’

১৪.

ট্রেন ভোরবেলা চিটাগাং স্টেশনে ইন করে। এখনো পুবের আকাশ ভালো করে ফর্সা হয়নি। চারিদিকে আবছা অন্ধকার। হালকা কুয়াশা পড়েছে। যার কারণে আজকের দিনের সূচনা হয়তো একটু দেরিতেই হবে। আরমান ট্রেন থেকে নেমে কোনদিকে যাবে ভেবে স্থির করতে একটু সময় নিলো।


চারিদিকে একবার সতর্ক দৃষ্টি বুলিয়ে নিয়ে আস্তে আস্তে স্টেশনের বাইরে এলো। যদিও সে নির্লিপ্তভাবে হাটছিল, তথাপি তার সতর্ক নজর ছিল সবদিকে। খেয়াল রেখেছিল কেউ তাকে ফলো করছে কি না।

গোলাম মাওলা অবশ্য তার একটা বড় উপকার করেছে। একটা পরচুলো আর দাড়ি লাগিয়ে এমন মেকাপ দিয়ে দিয়েছে যে, আয়নার সামনে দাঁড়িয়ে আরমান নিজেই নিজেকে চিনতে পারেনি। বিধায় পুলিশ বা গোয়েন্দা বিভাগের লোকেরা সহসা তাকে সনাক্ত করতে পারবে না। আরমান স্টেশনের বাইরে এসে একটা ট্যাক্সি নিলো। নির্দিষ্ট ঠিকানায় পৌছাতে এখান থেকে বাসে যাওয়া যায়। তবে আরমান এখন মোটেও ঝুকি নিতে চায় না। তাই সে ট্যাক্সি নিয়ে চলে এলো কক্সবাজারে তার নির্দিষ্ট ঠিকানায়।


বাড়ির সামনে নেমে একটু থমকে গেলো। বিশাল বাড়ি। সমুদ্র পাড়ে এমন সুন্দর একটা বাড়িতে সে অতিথি হয়ে এসেছে, এজন্য তার বুক আনন্দে ফুলে উঠতো, যদি মাথার ওপরে পুলিশের খড়গ ঝুলে না থাকতো। ট্যাক্সি ভাড়া মিটিয়ে দিয়ে সে গেটের সামনে এলো। দরোয়ান ভেতরে ঢোকার আগে সামনে এসে দাঁড়ালো। পরিচয় জানতে চাইলো।

-আমি তালুকদার সাহেবের সাথে দেখা করতে চাই। তিনি কি বাসায় আছেন?

তালুকদার সাহেবের নাম শুনে দারোয়ান নরম হয়। পথ ছেড়ে সরে দাঁড়িয়ে বলে, আসুন। সাহেব বাসায় আছেন।



*চলবে*


HOW CAN I HELP?
RAMADAN MUBARAK!
May Allah answer all your prayers in this holy month of Ramadan.
AL-SULTAN
BUTCHERY
Halal
حلال
130 Haldon Street, Lakemba NSW 2195
Ph: (02) 9750 4290
Fresh meat daily (Lamb, Beef, Goat)
Fresh chicken Daily
Fish & seafood
Frozen vegetables
Free delivery
Competitive prices
We don't have any other branches
Haitham Morabi
Manager
0402 016 210
Mahmoud
0416 874 859
Suprovat Sydney
Copy Right Protected
Supplier of Finest Quality Meat

# সুপ্রভাত সিডনি

The Leading Australian Bangladesh Monthly Community Newspaper সত্যের সাথে সব সময়

Suprovat Sydney

Suprovat Sydney, March-2024, Volume-16, No-03 ISSN 2202-4573 www.suprovatsydney.com.au





Shariah Certified

Low Rental Rates

10% Deposit ONLY

Low Fees

FINALLY A SUPER FUND THAT IS IN LINE WITH YOUR FAITH.

Meezan Wealth manages your Superannuation according to strict Sharia compliant guidelines and Islamic economic principles.

meezan
Wealth Management

## Finance Your Dream Home *ISLAMICALLY*

Meezan finance provides the Muslim community with a range of Shariah compliant finance products.

Islamic Super | Halal Investments | Islamic Home Finance

WHETHER YOU WANT TO:
- Purchase your dream home
- Purchase an investment property
- Re-finance your current home loan
- Purchase a home and land package

1300 141 145 info@meezanwealth.com.au

meezanwealth.com.au




FamilyNeeds

## Family Needs SUPERMARKET

সিডনির সর্ব বৃহৎ বাংলাদেশী সুপার মার্কেট

খোশ আমদেদ মাহে রমজান



সোমবার থেকে শুক্রবার
সকাল ৯টা-রাত ৯টা
শনিবার-রবিবার বা পাবলিক হলিডে
সকাল ৯টা-রাত ৮:৩০ মিঃ

• Halal butcher, frozen fish & vegetables • Variety of Bangladeshi & Indian sweets & cakes • On-site parking • Customer rewards card • Special discount for bulk buying • Pakistani and Nepali foods • Asian & Australian groceries • Open 7 Days, 9AM to 8PM



আমাদের ঠিকানা : Unit B, 1 Tindall Street Campbelltown Ph: 02 9313 5968